নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
শুক্রবার
রেজিঃ নং-চ-৫১৩
২৭ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১১৫
১২ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জমাঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

নানা সমস্যা ও সংকটের মধ্য দিয়ে শিক্ষাজীবন পার করছে শিক্ষার্থীরা

আট বছরেও পূর্ণাঙ্গ রূপ পায়নি চাঁদপুর মেডিকেল কলেজ

স্টাফ রিপোর্টার



প্রতিষ্ঠার আট বছর পেরিয়ে গেলেও পূর্ণাঙ্গ রূপ পায়নি চাঁদপুর মেডিকেল কলেজ। স্থায়ী ক্যাম্পাস, পর্যাপ্ত শ্রেণিকক্ষ, আধুনিক ল্যাবরেটরি, সমৃদ্ধ লাইব্রেরি, আবাসন ও নিজস্ব হাসপাতাল-প্রায় প্রতিটি ক্ষেত্রেই রয়েছে সীমাবদ্ধতা। প্রয়োজনীয় অবকাঠামো ও সুযোগ-সুবিধার অভাবে ব্যাহত হচ্ছে চিকিৎসাশিক্ষার স্বাভাবিক পরিবেশ। দীর্ঘ প্রতীক্ষার পর স্থায়ী ক্যাম্পাস ও হাসপাতাল নির্মাণের উদ্যোগ নেওয়া হলেও কবে নাগাদ এসব সংকট কাটবে, তা নিয়ে অনিশ্চয়তা কাটেনি।

২০১৮ সালে প্রতিষ্ঠিত চাঁদপুর মেডিকেল কলেজের একাডেমিক কার্যক্রম শুরু হয় ২০১৯ সালের ১০ জানুয়ারি। প্রতিষ্ঠার পর থেকেই চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালের ভবনে চলছে প্রতিষ্ঠানটির শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম। নিজস্ব হাসপাতাল চালু না হওয়া পর্যন্ত এ হাসপাতালকে অস্থায়ীভাবে মেডিকেল কলেজ হাসপাতাল হিসেবে ব্যবহারের প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়। তবে দীর্ঘ সময়েও নিজস্ব ক্যাম্পাস ও পূর্ণাঙ্গ হাসপাতাল প্রতিষ্ঠা না হওয়ায় নানা সীমাবদ্ধতার মধ্য দিয়ে এগোচ্ছে শিক্ষাকার্যক্রম।

কলেজের নিজস্ব স্থায়ী ক্যাম্পাস না থাকায় চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের তৃতীয় তলায় মাত্র ১৩টি কক্ষ নিয়ে শুরু হয়েছিল একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম। সময়ের সঙ্গে শিক্ষার্থী ও কার্যক্রমের পরিধি বাড়লেও অবকাঠামোগত ● ২-এর পাতায় দেখুন

যেখানেই জুলুম, সেখানেই মজলুমের পক্ষে আমরা : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, যেখানেই জুলুম ও নির্যাতন, সেখানেই মজলুমের পক্ষে আমাদের অবস্থান। বৃহস্পতিবার দুপুরে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে নিজের ভেরিফাইড পেজে দেওয়া এক পোস্টে তিনি একথা বলেন।

জামায়াত আমির বলেন, মহান আল্লাহর দেওয়া বিবেক অনুযায়ী, যেখানেই জুলুম ও নির্যাতন, সেখানেই মজলুমের পক্ষে আমাদের অবস্থান।

তিনি বলেন, মজলুম ব্যক্তি কোন দেশের, তিনি কোন ধর্মের অনুসারী কিংবা তার মুখের ভাষা কী- এগুলো বিবেচ্য বিষয় নয়। বিষয় হলো, তিনি বা তারা মজলুম।

তিনি আরো বলেন, মজলুমের পক্ষে আমাদের অবস্থান স্পষ্ট। এ ব্যাপারে বিভ্রান্তির কোনো সুযোগ নেই।



দেশেব্যাপী সন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে চাঁদপুরে জামায়াতের বিশাল বিক্ষোভ মিছিল।

চাঁদপুর জামায়াতের বিক্ষোভ মিছিলে বিল্লাল হোসাইন মিয়াজী

দেশের মানুষ সন্ত্রাস নৈরাজ্য জ্বালাও-পোড়াও ও ফ্যাসিবাদকে মেনে নেবে না

স্টাফ রিপোর্টার

জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা ছিল একটি বৈষম্যহীন, ন্যায়বিচারভিত্তিক ও জবাবদিহিমূলক রাষ্ট্র প্রতিষ্ঠা করা। সেই আকাঙ্ক্ষা বাস্তবায়নে জুলাই জাতীয় সনদ অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণের প্রত্যাশা ও গণভোটের রায়ের প্রতি সম্মান জানিয়ে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে সরকারকে কার্যকর উদ্যোগ নিতে হবে। কোনো ধরনের টালবাহানা না করে সনদের আলোকে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম সম্পন্ন করতে হবে। জনগণের অধিকার, গণতন্ত্র, ন্যায়বিচার ও সুশাসন প্রতিষ্ঠার স্বার্থে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের দাবি জানান জেলা জামায়াতের আমীর মাওলানা বিল্লাল হোসেন মিয়াজী। গোপালগঞ্জসহ দেশব্যাপী নিষিদ্ধ আওয়ামী লীগের সন্ত্রাস, নৈরাজ্য, জ্বালাও-পোড়াও, লুটপাট এবং আইনশৃঙ্খলা রক্ষায় সরকারের ব্যর্থতার প্রতিবাদে বৃহস্পতিবার (২৬ নভেম্বর) বিকেল ৪টায় চাঁদপুরে বিক্ষোভ মিছিল ● ২-এর পাতায় দেখুন

মোট প্রাণহানি ১ হাজার ৩৭১

হামের উপসর্গে ২৪ ঘণ্টায় আরও ৮ শিশুর মৃত্যু

দিগন্ত ডেস্ক

দেশে হামের উপসর্গ ও নিশ্চিত হাম আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও আট শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ১০৯ জন। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে হাম ও এর উপসর্গে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১ হাজার ৩৭১ জনে।

বৃহস্পতিবার (২৬ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া আট শিশুর মধ্যে একজনের হাম নিশ্চিত ছিল। বাকি সাত শিশু হামের উপসর্গ নিয়ে মারা গেছে।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে ২৬ নভেম্বর পর্যন্ত দেশে হাম নিশ্চিত হওয়ার পর ১০৬ শিশুর মৃত্যু হয়েছে। এ ছাড়া হামের উপসর্গ নিয়ে মারা গেছে ১ হাজার ২৬৫ শিশু। সব মিলিয়ে হাম ও এর উপসর্গে মৃত্যুর সংখ্যা ১ হাজার ৩৭১। গত ২৪ ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি।

প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে র‍্যালি ও আলোচনা

চাঁদপুরের অর্থনীতি ও গ্রামীণ কর্মসংস্থানে প্রাণিসম্পদ খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে

----------জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

স্টাফ রিপোর্টার

"রপ্তানিমুখী প্রাণিসম্পদে গড়বো দেশ, সবার আগে বাংলাদেশ"– এ প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৬ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ ২৬ নভেম্বর সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান বলেন, 'চাঁদপুরের অর্থনীতি ও গ্রামীণ কর্মসংস্থানে প্রাণিসম্পদ খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ জেলায় গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের সঙ্গে অনেক মানুষ জড়িত। খামারিদের আধুনিক প্রযুক্তি, উন্নত প্রশিক্ষণ ও প্রয়োজনীয় সহযোগিতা ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে চাঁদা না দেয়ায় ব্যবসায়ীকে অপহরণ, ৫জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জের এক ক্ষুদ্র বই ব্যবসায়ীকে অস্ত্রের মুখে অপহরণ করে রাতভর আটকে রেখে ২০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে। এ সময় জোরপূর্বক ফাঁকা চেক ও নন-জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর নেওয়ার অভিযোগে পাঁচজনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে। মামলাটি আমলে নিয়ে অভিযুক্তদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত।

বৃহস্পতিবার (২৬ নভেম্বর) সন্ধ্যায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির ফখরুদ্দিন আহমেদ বিষয়টি নিশ্চিত করেন। এর আগে বুধবার (২৫ নভেম্বর) দুপুরে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মুজাহিদুর রহমান মামলার আদেশ দেন। আদালত সূত্রে জানা যায়, ● ২-এর পাতায় দেখুন



জেলা পুলিশের মাসিক কল্যাণ সভায় পুরস্কারপ্রাপ্তদের হাতে সম্মাননা ও পুরস্কার তুলে দেন পুলিশ সুপার মো. মিজানুর রহমান।

চাঁদপুর পুলিশের কল্যাণ ও অপরাধ পর্যালোচনা সভা

ট্রাফিকের টিআই প্রবীরসহ ৩ জন পুরস্কৃত

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে সড়কে যানবাহন চলাচলে শৃঙ্খলা ফিরিয়ে আনা, দায়িত্ব পালনে সাহসিকতা ও পেশাদারিত্বের পরিচয় দেওয়া এবং ট্রাফিক আইন অমান্যকারীদের বিরুদ্ধে সর্বোচ্চ ● ২-এর পাতায় দেখুন



মতলব উত্তরে একের পর এক মামলা ও হয়রানির অভিযোগ তুলে কাউছারের বিরুদ্ধে স্থানীয়দের মানববন্ধন।

মতলব উত্তরে একের পর এক মামলা দিয়ে হয়রানির অভিযোগে মানববন্ধন

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার বাগানবাড়ি ইউনিয়নের মৌটুপী ভূঁইয়া বাড়িতে একের পর এক মামলা দিয়ে এলাকাবাসীকে হয়রানির অভিযোগ উঠেছে কাউছার নামে এক ব্যক্তির বিরুদ্ধে। মিথ্যা মামলা, হুমকি-ধমকি ও বিভিন্ন কর্মকাণ্ডের প্রতিবাদে মানববন্ধন করেছেন ভুক্তভোগী পরিবার ও স্থানীয় বাসিন্দারা। এ সময় কাউছারের বিরুদ্ধে তদন্তসাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তারা। বৃহস্পতিবার (২৬ নভেম্বর) বিকেলে মৌটুপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে ঈদগাহ মাঠে মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে ভুক্তভোগী পরিবারের সদস্যসহ এলাকার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। মানববন্ধনে অংশগ্রহণকারীদের অভিযোগ, কাউছার এর আগে ● ২-এর পাতায় দেখুন

অর্থনীতিতে নেতিবাচক প্রভাবের শঙ্কা বাড়ছে

দিগন্ত ডেস্ক

বিনিয়োগ স্থবিরতায় দেশে মূলধনী যন্ত্রপাতি আমদানি কমেছে। ফলে দেশের অর্থনীতিতে দীর্ঘ মেয়াদে নেতিবাচক প্রভাবের শঙ্কা বাড়ছে। মূলধনী যন্ত্রপাতি হচ্ছে দেশে নতুন শিল্প-কারখানা স্থাপন, উৎপাদন সক্ষমতা বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির অন্যতম প্রধান উপাদান। কিন্তু দেশে ওসব যন্ত্রপাতির আমদানিই কমছে। চলতি ২০২৬-২৭ ● ২-এর পাতায় দেখুন



কেন্দ্রীয় যুবদলের সহ-সভাপতি ও কুমিল্লা বিভাগীয় যুবদলের সমন্বয়ক মোহাম্মদ ফিরোজ আবদুল্লাহ কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন চাঁদপুর জেলা যুবদলের নবগঠিত কমিটির নেতৃবৃন্দ।

২৯ ও ৩০ নভেম্বরের কর্মসূচি সফল করতে

চাঁদপুর জেলা যুবদলের প্রস্তুতি সভা

স্টাফ রিপোর্টার

পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে আগামী ২৯ ও ৩০ নভেম্বর চাঁদপুরে সমাবেশ ও মিছিল সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভা করেছে চাঁদপুর জেলা যুবদল। বৃহস্পতিবার (২৬ নভেম্বর) বিকেলে চাঁদপুর জেলা বিএনপি কার্যালয়ে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সহ-সভাপতি ও কুমিল্লা বিভাগীয় ● ৩-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী

২৭ নভেম্বর ২০২৬
শুক্রবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

শহরের জোড়পুকুর পাড় এলাকায় গলাকাটা লাশ উদ্ধারের ঘটনা

হত্যাকারী যে-ই হোক, সর্বোচ্চ শাস্তি দাবি- জাপান প্রবাসী ছেলের



নিজস্ব প্রতিবেদক

অনলাইন জুয়ার ঋণ পরিশোধ করতে নিজের নানিকে হত্যার অভিযোগ উঠেছে নিজের মেয়ের ঘরের ১৬ বছর বয়সী নাতি সিয়ামের বিরুদ্ধে। সম্প্রতি চাঁদপুর শহরের জোড়পুকুর পাড় এলাকার নাজিরা কমপ্লেক্সের সপ্তম তলার ফ্ল্যাটে হাত-বাঁধা ও গলাকাটা অবস্থায় উদ্ধার হওয়া বৃদ্ধা লুৎফুর নাহার হত্যাকাণ্ডের রহস্য উদ্ঘাটনের পর বেরিয়ে এসেছে এমন চাঞ্চল্যকর তথ্য। ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

আল কাউসার স্কুল হাজিগঞ্জ
২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে
আসন সংখ্যা সীমিত
আবাসিক/অনাবাসিক
■ শিশু শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ■ মাধ্যমিক শাখায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা ৩টি বিভাগই চালু আছে
■ ৬ষ্ঠ শ্রেণি থেকে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হয়।
ভর্তি শুরু ২ নভেম্বর'২৬
ক্লাস শুরু ১ জানুয়ারী'২৭
প্রধান শিক্ষক 01309-131307
প্রতিষ্ঠা ও পরিচালনায়ঃ আল কাউসার ট্রাস্ট, হাজিগঞ্জ। 01819-190633, 01815-584721, 01816-863188

২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে
সাফল্যের দুই যুগ পেরিয়ে
মাদ্‌রাসা শিক্ষা ধারায় নতুন দিগন্তের প্রতীক
আল-আমিন মডেল মাদরাসা
আবাসিক/অনাবাসিক
মাদ্‌রাসা বিভাগ: শিশু-দাখিল ৯ম শ্রেণি (সাধারণ ও বিজ্ঞান) ■ হিফজুল কুরআন বিভাগ ■ নাজেরা বিভাগ ■ নূরানী বিভাগ
নিউ ট্রাক রোড (মস্তান বাড়ী), চাঁদপুর। 01817-633714, 01825-079782, 01816-553868
ছাত্রী শাখা
আলাদা ক্যাম্পাসে ৪র্থ - ৯ম শ্রেণিতে ছাত্রী ভর্তি চলছে
দাখিল ২০২৬ এর ফলাফল: ১০জন A+সহ ৯৬% পাস

ভর্তি চলছে!! আদর্শ একাডেমী ফরিদগঞ্জ
উন্নত মানের শিক্ষাই আমাদের অঙ্গীকার
ফরিদগঞ্জ উপজেলায় জে.এস.সি ও এস.এস.সি তে বহুবার ১ম স্থান অর্জনকারী শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।
বৈশিষ্ট্য সমূহঃ
মাল্টিমিডিয়া ক্লাস। অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান। আধুনিক ও ইসলামী শিক্ষার সমন্বয়। সর্বাধিক পরিমাণ ক্লাস। বাড়ীর কাজ, টিউটোরিয়াল পরীক্ষা। গাইড শিক্ষকের মাধ্যমে তত্ত্বাবধান। অনগ্রসর শিক্ষার্থীদের বিশেষ তত্ত্বাবধান।
প্লে থেকে নবম শ্রেণি
৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণিতে পূরক শাখায় ছাত্র/ছাত্রী ভর্তি করা হচ্ছে।
আবাসিক ✓ অনাবাসিক ✗
পরিবহনের সু-ব্যবস্থা
ভর্তি চলছে
www.adarshaacademyfaridgonj.imj.bd
adarshaf@yahoo.com Adarsha Academy Faridgonj
01712-752990, 01718-520857, 01728-168333, 01724-746131

হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

এইচএসসি-২০২৭ ব্যাচের শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং এ
৪০০০/- ছাড়ে ভর্তি চলছে.....
আলহামদুলিল্লাহ!!! চাঁদপুর থেকে প্রতিবছর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের টপ রেজাল্টগুলো আমাদেরই। চাঁদপুরে অবস্থান করে Uniaid Chandpur এ কোচিং করে বিগত ৭ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৫১ জন সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে ৫৪০+ জনের চান্স!
ইউনিএইড চাঁদপুর থেকে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্সপ্রাপ্তদের নিয়ে সর্বশেষ অনুষ্ঠিত হওয়া ৩টি গ্র্যান্ড সেলিব্রেশনের একাংশ
Uniaid Chandpur ফেসবুক আইডিতে খোঁজ নিলেই প্রমাণ পাবেন
uniaid CHANDPUR
ছায়বানী মোড় থেকে ২০০ গজ দক্ষিণে, আলিম পাড়া (প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে), চাঁদপুর।
মোবাইল : ০১৯৫৮০২০৮০৮, ০১৮২৩০৭৯১২৬

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

শুক্রবার ২৭ নভেম্বর ২০২৬, ১২ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ, ১৬ জমাঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
★Kids Spoken + Reading Comprehension
★Advanced Spoken
★Professional Spoken
English Grammar
৫ হাজী মহসিন রোড, স্পোর্টস গ্যালারির সাথেই, নিউতলায়, চাঁদপুর সদর, চাঁদপুর।
01974-924300

বাল্যবিবাহ রোধে শতভাগ জন্মনিবন্ধনের তাগিদ

দিগন্ত ডেস্ক

২৭ নভেম্বর আন্তর্জাতিক বাল্যবিবাহ, অপ্রাপ্তবয়সে বিবাহ ও জোরপূর্বক বিবাহ নির্মূল দিবস (ইন্টারন্যাশনাল ডে ফর দি ইলিমিনেশন অব চাইল্ড, আর্লি অ্যান্ড ফোর্সড ম্যারেজ)। এ বছরই সেপ্টেম্বরে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে দিবসটি গৃহীত হয়।

বাংলাদেশে বাল্যবিবাহের হার অত্যন্ত উদ্বেগজনক। ইউএনএফপিএ ও ইউনিসেফের প্রতিবেদন অনুযায়ী, ২০২৫ সালে দেশে প্রায় ৪৭% মেয়ের বিবাহ হয়েছে ১৮ বছরের আগেই এবং এ হার দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বোচ্চ। বাল্যবিবাহ মেয়েদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান এবং সামগ্রিকভাবে দেশের আর্থ-সামাজিক অবস্থার ওপর নেতিবাচক প্রভাব ফেলে। বিশেষ করে কন্যাশিশুদের শিক্ষাজীবন ব্যাহত হয় এবং কর্মসংস্থানের সুযোগ সীমিত হয়ে পড়ে।

পাশাপাশি অপ্রাপ্ত বয়সে গর্ভধারণের ঝুঁকি বাড়ে,যা তাদের স্বাস্থ্য ও ভবিষ্যৎকে মারাত্মক ঝুঁকির মুখে ফেলে দেয়। বাল্যবিবাহ প্রতিরোধে জন্ম নিবন্ধন একটি গুরুত্বপূর্ণ রক্ষাকবজ ● ৩-এর পাতায় দেখুন



কচুয়া প্রেসক্লাবের উদ্যোগে গুণীজনদের হাতে সংবর্ধনা ক্রেস্ট তুলে দিচ্ছেন অতিথিবৃন্দ।

কচুয়া প্রেসক্লাবের গুণীজন সংবর্ধনা

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় গুণীজনদের সম্মাননা জানাতে ২৬ নভেম্বর বৃহস্পতিবার গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেছে কচুয়া প্রেস ক্লাব। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির সভাপতি খায়রুল আবেদিন স্বপন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কচুয়া উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মাসুদ এলাহী সুবাস। এ ছাড়া অনুষ্ঠানে অতিথি হিসেবে রয়েছেন কচুয়া সরকারি কলেজের সাবেক ভিপি ও ছাত্র সংসদের প্রতিনিধি নূর মোহাম্মদ কচি, কচুয়া পৌর বিএনপির সভাপতি বিল্লাল হোসেন মজুমদার, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন সেলিম পাটোয়ারী, কচুয়া উত্তর বিএনপির সাধারণ সম্পাদক ইউসুফ মিয়াজী, মুক্তিযোদ্ধা দেওয়ান সিরাজুল ইসলাম, মাধ্যমিক বিদ্যালয় সমিতির সভাপতি আমিনুল ইসলাম, প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মোতার হোসেন, নির্বাহী সভাপতি খোরশেদ আলম, সাংবাদিক আলমগীর তালুকদার, আবুল হোসেন, আমার দেশের প্রতিনিধি প্রেসক্লাবের সাবেক সভাপতি ● ৩-এর পাতায় দেখুন

খোলা বাজারে ১৩০ টাকা ছাড়াল ডলার, বিক্রি হচ্ছে ১৩০.৭০ টাকায়

দিগন্ত ডেস্ক

ব্যাংকিং চ্যানেলের পাশাপাশি দেশের খোলা বাজারেও বেড়েছে মার্কিন ডলারের দাম। চাহিদার তুলনায় নগদ ডলারের সরবরাহ কম থাকায় খোলা বাজারে প্রতি ডলার বিক্রি হচ্ছে ১৩০ টাকা ৫০ পয়সা থেকে ১৩০ টাকা ৭০ পয়সা পর্যন্ত। গত দুই দিন ধরে এ দরে ডলার কেনাবেচা হচ্ছে। যদিও মানী চেঞ্জার অ্যাসোসিয়েশনের নির্ধারিত দর ১২৯ টাকা ৫০ পয়সা।

রাজধানীর মতিঝিলের বিভিন্ন মানী চেঞ্জারে খোঁজ নিয়ে জানা গেছে, গত মঙ্গলবারও খোলা বাজারে ডলারের দাম ১৩০ টাকার নিচে ছিল। তবে গত দুই দিন ধরে ১৩০ টাকা ৫০ পয়সার কম দামে নগদ ডলার পাওয়া যাচ্ছে না। দুই সপ্তাহ আগেও খোলা বাজারে প্রতি ডলার ১২৮ টাকার আশপাশে কেনাবেচা হয়েছিল। খোলা বাজারের পাশাপাশি ব্যাংকিং চ্যানেলেও ডলারের দাম বেড়েছে। ব্যাংকগুলো এখন প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের ডলার ১২৫ থেকে ১২৬ টাকা পর্যন্ত দরে কিনছে। ● ৩-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটর: মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

গ্রেপ্তারি পরোয়ানা নিয়ে মাহমুদুর রহমানের বাসায় পুলিশ

দিগন্ত ডেস্ক

রাজধানীর গুলশান থানার একজন এসআই বুধবার সকালে গ্রেপ্তারি পরোয়ানা নিয়ে আমার দেশ সম্পাদক মাহমুদুর রহমানের বাসায় হাজির হন। এ সময় রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের আমন্ত্রণে ন্যাশনাল এডিটরস কাউন্সিলের সাধারণ সম্পাদক হিসেবে তিনি বঙ্গভবনে মতবিনিময় সভায় যোগ দিতে বের হচ্ছিলেন। এসআই জানান, শেখ হাসিনার মানহানির অভিযোগে নড়াইলে দায়ের করা মামলায় হাজির না হওয়ায় পরোয়ানা জারি করেছে ● ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে সুমাইয়া (রা.) মহিলা মাদ্রাসায় হাতের লেখা প্রদর্শনী

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলার সুমাইয়া রাদিয়াল্লাহু তা'আলা আনহা মহিলা মাদ্রাসায় হাতের লেখা প্রদর্শনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার ২৬ নভেম্বর সকালে মাদ্রাসা প্রাঙ্গণে শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের অংশগ্রহণে এ প্রদর্শনীর আয়োজন করা হয়।

অনুষ্ঠানে শিক্ষার্থীরা তাদের সুন্দর ও সুশৃঙ্খল হাতের লেখার মাধ্যমে নিজেদের প্রতিভা তুলে ধরে।

প্রদর্শনী শেষে মাদ্রাসার মুহতামিম মাওলানা মোহাম্মদ ইব্রাহিম বলেন, আলহামদুলিল্লাহ, চাঁদপুর জেলার মধ্যে সুনামের সঙ্গে সুমাইয়া (রা.) মহিলা মাদ্রাসার শিক্ষার্থীদের হাতের লেখা শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। ইনশাআল্লাহ, আগামীতে এ মাদ্রাসা সারা বাংলাদেশে সুনাম বয়ে আনবে। এখানকার প্রতিটি শিক্ষার্থী দেশ ও জাতির কল্যাণে কাজ করবে বলে আমি আশাবাদী।

এ সময় বক্তব্য রাখেন অভিভাবক সদস্য তাহমিনা বেগম, মৌসুমী আক্তার, শিমু আক্তার, সুমি আক্তারসহ আরও অনেকে। শিক্ষার্থীদের সৃজনশীলতা, মেধা ও সুন্দর হাতের লেখার চর্চায় এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

সমাজসেবক মকবুল আহমেদ পাটোয়ারীর কুলখানি আজ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর শহরের মীর শপিং কমপ্লেক্সের বিশিষ্ট ব্যবসায়ী মিনারা ক্লথ স্টোরের স্বত্বাধিকারী লায়ন কামরুল হাসানের পিতা বিশিষ্ট সমাজসেবক মরহুম মকবুল হোসেন পাটোয়ারী মৃত্য পরবর্তী তার স্মরণে মিলাদ ও দোয়ার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার বাদ জুমা এ উপলক্ষে চাঁদপুর সদরের শাহমাহমুদপুর ইউনিয়নের মান্দারী গ্রামের পাটোয়ারী বাড়িতে এ দোয়া ও মিলাদ অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে মরহুমের আত্মীয়-স্বজন, শুভাকাঙ্ক্ষীসহ এলাকাবাসীকে পরিবারের পক্ষ থেকে আমন্ত্রণ জানানো হয়েছে।



জাতীয় প্রাণিসম্পদ দিবস উপলক্ষে হাইমচরে র‍্যালি।

জাতীয় প্রাণিসম্পদ দিবস-২০২৬ উপলক্ষে

হাইমচরে মৎস্য সংরক্ষণ প্রশিক্ষণ, র‍্যালি ও আলোচনা সভা

হাইমচর প্রতিনিধি

হাইমচরে মৎস্যসম্পদ সংরক্ষণ, দায়িত্বশীল মৎস্য আহরণ এবং অবৈধ, অপ্রতিবেদিত ও অনিয়ন্ত্রিত মৎস্য আহরণ (ওটট ঋরংযরহম) প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। একই দিনে জাতীয় প্রাণিসম্পদ দিবস-২০২৬ উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা। বৃহস্পতিবার (২৬ নভেম্বর) উপজেলা পরিষদ, হাইমচরে সিনিয়র উপজেলা ● ৩-এর পাতায় দেখুন



মোহনপুরে বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ।

মোহনপুরে নৈরাজ্য ও অগ্নিসন্ত্রাসের প্রতিবাদে বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ

শামীম মিয়াজী

কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত সংগঠন আওয়ামী লীগের নৈরাজ্য, অগ্নিসন্ত্রাস ও দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টার প্রতিবাদে মতলব উত্তর উপজেলার মোহনপুর ইউনিয়নে বিক্ষোভ মিছিল ও সন্ত্রাস প্রতিরোধ সমাবেশ করেছে ইউনিয়ন বিএনপি ও সন্ত্রাস প্রতিরোধ কমিটি।

বৃহস্পতিবার (২৬ নভেম্বর) বিকেলে মোহনপুর বেড়িবাঁধ থেকে উপজেলা সন্ত্রাস প্রতিরোধ কমিটির আহ্বায়ক ও জেলা বিএনপির সদস্য আলমগীর সরকারের নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি বের করা হয়। মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মুদাফর বাজার এলাকায় গিয়ে ● ৩-এর পাতায় দেখুন



শাহরাস্তিতে দারুল কোরআন নূরানী ইবতেদায়ী ও হাফেজিয়া মাদরাসার বার্ষিক অভিভাবক সমাবেশ ও ছবক প্রদান।

শাহরাস্তিতে দারুল কোরআন নূরানী মাদরাসার অভিভাবক সমাবেশ ও ছবক প্রদান

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে দারুল কোরআন নূরানী ইবতেদায়ী ও হাফেজিয়া মাদরাসার বার্ষিক অভিভাবক সমাবেশ, ছবক প্রদান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৬ নভেম্বর) সকাল ১০টায় উপজেলার ভোলদিঘী দক্ষিণ বাজারে মাদরাসা প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে মাদরাসায় অধ্যয়নরত শিশু শিক্ষার্থী ও তাঁদের অভিভাবকগণ উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের মেধা বিকাশ, নৈতিকতা চর্চা ও সৃজনশীলতায় উৎসাহিত করার লক্ষ্যে বর্ণাঢ্য আয়োজনে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়েছে।

মাওলানা মাহবুব আলমের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে হিফজ বিভাগের শিক্ষার্থী মো. মাহিদুল ইসলাম পবিত্র কোরআন তিলাওয়াত এবং হিফজ বিভাগের মো. জুনায়েদ হোসেন হামদ ও নাত পরিবেশন করেন। এরপর উদ্বোধনী বক্তব্য দেন সহকারী প্রধান শিক্ষক মাওলানা আরিফ বিল্লাহ।

শিক্ষার্থীদের পরিবেশনার মধ্যে ছিল– তাবাসসুম আক্তারের হাদিস শরিফ (১ ● ৩-এর পাতায় দেখুন

ইতিহাসে ২৭ নভেম্বর

১৮৯৫ সালে বিশিষ্ট বিজ্ঞানী আলফ্রেড নোবেল তার সমুদয় সম্পত্তি উইল করে নোবেল পুরস্কার প্রদানের জন্য তহবিল গঠন করেন। ১৯১৪ সালে ব্রিটেনে প্রথম মহিলা পুলিশ নিয়োগ দেওয়া হয়। ১৯৪৫ সালে কেয়ার ত্রাণ সংস্থা প্রতিষ্ঠিত হয়, যা দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপে খাদ্য সহায়তা পাঠানোর জন্য গঠিত হয়েছিল। ১৯৯২ সালে তুর্কমেনিস্তান, কিরগিজস্তান, উজবেকিস্তান, কাজাখস্তান, তাজিকিস্তান, আফগানিস্তান ও আজারবাইজান- অর্থনৈতিক সহযোগিতা সংস্থা "ইকো"তে যোগ দেয়। ২০২৪ সালে হায়াত তাহরির আল-শামের নেতৃত্বে সিরীয় বিদ্রোহী গোষ্ঠীগুলো সিরিয়ায় স্থল আক্রমণ শুরু করে।



মতলব উত্তরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে র‍্যালি।

মতলব উত্তরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উদযাপন

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলায় জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৬ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৬ নভেম্বর) সকাল ১১টায় উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালি শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রুবায়েত আহমেদ এর ● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জ অগ্রণী ব্যাংক শাখার প্রিন্সিপাল অফিসারদের বিদায়-বরণ

হাজীগঞ্জ প্রতিনিধি

অগ্রণী ব্যাংক পিএলসি হাজীগঞ্জ শাখার সিনিয়র প্রিন্সিপাল অফিসার (ব্যবস্থাপক) মোহাম্মদ রাশেদুল ইসলামের বদলি জনিত বিদায় ও নবাগত সিনিয়র প্রিন্সিপাল অফিসার (ব্যবস্থাপক) কাজী কাউছার হোসেনের যোগদান উপলক্ষে বিদায় ও বরণ অনুষ্ঠিত হয়েছে।

গ্রাহক, কর্মকর্তা ও কর্মচারীদের আয়োজনে বুধবার (২৫ নভেম্বর) সন্ধ্যায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক ও চাঁদপুর অঞ্চলের প্রধান মো. মতিউর রহমান।

তিনি তাঁর বক্তব্যে বলেন, একজন কর্মনিষ্ঠ অফিসারকে বিদায় দিতে হয়তো আপনাদের খারাপ লাগছে। কিন্তু বিদায় একটি স্বাভাবিক ● ৩-এর পাতায় দেখুন

সবজির বাজার চড়া, বেড়েছে ডিমের দামও

নিজস্ব প্রতিবেদক

শীতের সবজি আসতে শুরু করলেও বাজারে স্বস্তি ফিরছে না। বেশির ভাগ সবজিই বিক্রি হচ্ছে ৮০ টাকার ওপরে। বিক্রেতারা বলছেন, সাম্প্রতিক বৃষ্টিতে ফসলের ক্ষতি ও সরবরাহে বিঘ্ন ঘটায় বেড়েছে সবজির দাম। অন্যদিকে, গত সপ্তাহের তুলনায় মুরগি ও হাঁসের ডিমের দাম বেড়েছে। তবে কিছুটা কমেছে মুরগির মাংসের দাম। এ ছাড়া দেশি রসুনের দাম বাড়লেও কমেছে চায়না আদা ও রসুনের দাম। সব মিলিয়ে নিত্যপণ্যের বাজারে ক্রেতাদের জন্য স্বস্তির খবর কম, বরং বাড়তি দামের চাপই বেশি।

বৃহস্পতিবার (২৬ নভেম্বর) রাজধানীর মিরপুর ১ নম্বরের কাঁচাবাজারে সরেজমিন ঘুরে এমন চিত্র দেখা যায়।

এখনও সবজির বাজার চড়া

বাজারে প্রতি কেজি দেশি টমেটো ১৫০ টাকা, ভারতীয় টমেটো ১৮০ টাকা, কাঁচা টমেটো ৮০ টাকা, দেশি গাজর ১০০ টাকা, চায়না গাজর ১৪০ টাকা, দেশি নতুন আলু ১৪০ টাকা এবং ভারতীয় নতুন আলু ১৪০ টাকায় বিক্রি হচ্ছে। এ ছাড়া প্রতি কেজি লম্বা বেগুন ৮০ টাকা, সাদা গোল বেগুন ১০০ টাকা এবং কালো গোল বেগুন ১২০ টাকায় বিক্রি হচ্ছে। শিম (মানভেদে) ১০০-১২০ টাকা, দেশি শসা ১০০ টাকা, উচ্ছে ১১০ টাকা, করলা ১০০ টাকা, কাঁকরোল ১৬০ টাকা, ঢ্যাঁড়স ৮০-১০০ টাকা, হাইব্রিড পটল ৭০ টাকা, দেশি পটল ১০০ টাকা, চিচিঙ্গা ৮০ টাকা, ধুন্দল ৮০ টাকা, ঝিঙা ৮০ টাকা, বরবটি ১০০ টাকা, কচুর লতি ৮০ টাকা, মূলা ৫০ টাকা, কচুরমুখী ১০০ টাকা, এবং শালগম ৬০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। অন্যদিকে, প্রতি কেজি কাঁচা মরিচ ৮০-১০০ টাকা, ধনেপাতা ১৬০ টাকা, হাইব্রিড শসা ৭০ টাকা, পেঁপে ৪০ টাকা এবং মিষ্টি কুমড়া ৫০ টাকায় বিক্রি হচ্ছে। মানভেদে প্রতিটি ● ৩-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম
দ্বীনি শিক্ষার সমন্বয়ে আধুনিক শিক্ষার অনন্য প্রতিষ্ঠান
আল-কাউসার দাখিল মাদ্‌রাসা
দাখিল পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল ও ৫ম-৮ম শ্রেণিতে সরকারী- বেসরকারী মেধা বৃত্তি প্রাপ্তিতে জেলায় প্রথম।
চলতি শিক্ষাবর্ষে
প্লে থেকে দাখিল ৯ম শ্রেণিতে
(মানবিক ও বিজ্ঞান বিভাগ)
আবাসিক
অনাবাসিক
ভর্তির শ্রেণি ও ভর্তি পরীক্ষা
আসন সংখ্যা সীমিত
ভর্তি চলছে
✔ চলতি শিক্ষাবর্ষে প্লে শ্রেণি হতে দাখিল নবম শ্রেণি পর্যন্ত ভর্তি করা হবে।
✔ প্লে শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী এবং ৬ষ্ঠ শ্রেণি হতে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হবে।
✔ মাদ্‌রাসার অফিস হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
✔ প্লে-২য় শ্রেণি পর্যন্ত তাৎক্ষণিক (মৌখিক ও লিখিত) পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য বাছাই করা হবে।
৪র্থ শ্রেণি হতে আবাসিকের সু-ব্যবস্থা
মাদ্‌রাসার বৈশিষ্ট্যাবলি
» ইসলাম ও আধুনিক তথ্য প্রযুক্তিমূলক শিক্ষার সমন্বয়।
» নৈতিক মানসম্পন্ন যোগ্য আলেম তৈরির লক্ষ্য।
» সুস্থ বিনোদন ও ইসলামী সংস্কৃতি চর্চা,জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ।
» শিক্ষার্থীদের যাতায়াতের জন্য নিজস্ব পরিবহনের ব্যবস্থা।
» অভিজ্ঞ শিক্ষক মন্ডলি দ্বারা শ্রেণি কার্যক্রম পরিচালিত।
» শিক্ষার্থীর জীবনের লক্ষ্য বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহন।
» সার্বক্ষনিক বিকল্প বিদ্যুৎ এর ব্যবস্থা।
» নিয়মিত অভিভাবক সমাবেশের মাধ্যমে শিক্ষার্থী,শিক্ষক ও অভিভাবকের সমন্বয় সাধন।
» অমনোযোগী ও ব্যস্ত অভিভাবকদের সন্তানদের জন্য বিশেষ ব্যবস্থা।
» সার্বক্ষণিক অধ্যয়ন চালু রাখার জন্য বাড়ির কাজ, ক্লাস টেস্ট,মূল্যায়ন,অর্ধ-বার্ষিক,বার্ষিক পরীক্ষার ব্যবস্থা।
» নিয়মিত ডায়েরি সংরক্ষণের মাধ্যমে পাঠ মূল্যায়নের ব্যবস্থা।
» উন্নত স্বাস্থ্য সম্মত খাবার পরিবেশন ও আবাসনের ব্যবস্থা।
৩য় শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা ৩১ ডিসেম্বর , সকাল ১০ ঘটিকায়।
ভর্তি ফরম ও অন্যান্য তথ্যাবলি
কার্যদিবসে সকাল ৮ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত মাদ্‌রাসা অফিসে পাওয়া যাবে।
ভর্তি শুরু ১ নভেম্বর হতে
ক্লাস শুরু ও ছবক অনুষ্ঠান ৩ জানুয়ারি
01716-365215, 01715-623342
প্রতিষ্ঠা ও পরিচালনায় ঃআল-কাউসার ট্রাস্ট, হাজীগঞ্জ।

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যধি, ডায়াবেটিস, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার , সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস্)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, জন্ম (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ল্যাপারোস্কোপি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, প্যারোস্কোপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থে

দৈনিক চাঁদপুর দিগন্ত
শুক্রবার ॥ ২৭ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

সংশোধিত ব্যাংক আইন ইতিবাচক উদ্যোগ, কার্যকর সংস্কারের পথে নিন

ব্যাংকের পরিচালনা পর্ষদে রাজনৈতিক প্রভাব ও পারিবারিক আধিপত্য কমাতে ব্যাংক কোম্পানি আইন সংশোধনের উদ্যোগকে আমরা স্বাগত জানাই। মন্ত্রী, সংসদ সদস্য ও স্থানীয় সরকারের প্রতিনিধিদের পরিচালক হওয়ার সুযোগ বন্ধ করা, পরিচালকদের টানা মেয়াদ কমানো এবং স্বতন্ত্র পরিচালকের সংখ্যা বাড়ানোর প্রস্তাব সঠিক পদক্ষেপ। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর আহসান এইচ মনসুরও উদ্যোগটিকে ইতিবাচক বলেছেন। তাঁর এই মূল্যায়নের পাশাপাশি সংস্কারকে আরও এগিয়ে নেওয়ার সুপারিশগুলো সরকারকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে।

ব্যাংক খাতের সংকট কেবল অর্থের ঘাটতির নয়; এটি সুশাসন ও জবাবদিহির সংকটও। রাজনৈতিক ক্ষমতা ও ব্যবসায়িক স্বার্থ একাকার হলে আমানতকারীদের অর্থ ঝুঁকিতে পড়ে। বিভিন্ন শিল্পগোষ্ঠীর বিরুদ্ধে ব্যাংক নিয়ন্ত্রণ করে অনিয়মের অভিযোগ তারই সতর্কসংকেত। ব্যাংকের শেয়ারধারীরা মালিকানার অধিকার ভোগ করেন, কিন্তু আমানতকারীদের অর্থ নিজেদের সম্পদ হিসেবে ব্যবহারের অধিকার তাঁদের নেই। পরিচালনা পর্ষদের গঠন ও ক্ষমতা নির্ধারণে এই বাস্তবতাই প্রাধান্য পাওয়া উচিত। রাজনৈতিক পদধারীদের ব্যাংকের পর্ষদ ও প্রধান নির্বাহীর দায়িত্ব থেকে দূরে রাখার প্রস্তাব তাই প্রয়োজনীয়। ব্যাংকমালিকদের সংগঠন বিএবিও পর্ষদ থেকে রাজনৈতিক ব্যক্তিদের দূরে রাখার পক্ষে মত দিয়েছে।

দেশের মানুষ সন্ত্রাস

ও সমাবেশ করেছে জেলা জামায়াতে ইসলামী।

চাঁদপুর শহরের বাইতুল আমিন চত্বরে বিভিন্ন ওয়ার্ড ও ইউনিয়ন থেকে দলীয় লোকজন সমাবেশে মিলিত হন। সেখান থেকে মিছিলটি শুরু হয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

এ সময় বক্তব্য রাখেন চাঁদপুর জেলা জামায়াতের নায়েবে আমির অ্যাডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল, জেলা সেক্রেটারি অ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া।

শহর আমীর অ্যাডভোকেট মো. শাহজাহান খানের পরিচালনায় আরও বক্তব্য রাখেন জেলা জামায়াতের যুব বিভাগের সভাপতি অধ্যাপক শাহ আলম, জেলা শূরা সদস্য মাও. ইউনুস হেলাল, আবুল হাসানাত, মাও. আফসার উদ্দিন মিয়াজী।

বিল্লাল হোসাইন মিয়াজী বলেন, জনগণের কণ্ঠ রোধ করতে এবং দেশকে অস্থিতিশীল করার হীন উদ্দেশ্যে তারা নাশকতা, ভাঙচুর ও অগ্নিসংযোগের মতো ঘৃণ্য পথ বেছে নিয়েছে। আমি স্পষ্ট ভাষায় জানিয়ে দিতে চাই– বাংলাদেশের শান্তিপ্রিয় মানুষ আর কোনো সন্ত্রাস, নৈরাজ্য, জ্বালাও-পোড়াও ও ফ্যাসিবাদের কালো ছায়া মেনে নেবে না।

তিনি আরও বলেন, গত দেড় দশকেরও বেশি সময় ধরে যারা মানুষের ভোটাধিকার কেড়ে নিয়েছিল, গুম, খুন ও নির্যাতনের স্টিমরোলার চালিয়ে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে ধ্বংস করেছিল, আজ তারা দেশ থেকে পালিয়ে যাওয়ার গ্লানি সহ্য করতে না পেরে দেশব্যাপী বিশৃঙ্খলা সৃষ্টি করছে। যানবাহনে অগ্নিসংযোগ, সরকারি ও বেসরকারি স্থাপনা ভাঙচুর এবং সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা বিঘ্নিত করার মাধ্যমে তারা মূলত দেশকে পেছনের দিকে ঠেলে দিতে চায়। কিন্তু এ দেশের সচেতন ছাত্র-জনতা তাদের এই ষড়যন্ত্র রুখে দিতে দৃঢ়প্রতিজ্ঞ।

তিনি আরও বলেন, অবিলম্বে নাশকতা ও অগ্নিসংযোগের সাথে জড়িত সন্ত্রাসীদের চিহ্নিত করে গ্রেপ্তার করুন এবং দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনুন। কোনো দুষ্কৃতকারী যেন আইন ও বিচারের ফাঁক গলে বেরিয়ে যেতে না পারে, সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা ও কঠোর অবস্থান গ্রহণ করতে হবে।

আট বছরেও পূর্ণাঙ্গ

সংকট কাটেনি। শিক্ষার্থীদের পাঠদান, ব্যবহারিক ক্লাস ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় এখনো নির্ভর করতে হচ্ছে অস্থায়ী ও ভাড়া করা ভবনের ওপর। শিক্ষার্থী সংখ্যার দিক থেকেও বেড়েছে প্রতিষ্ঠানটির পরিধি। কলেজের ওয়েবসাইটে প্রকাশিত তথ্য অনুযায়ী, ২০২২-২৩ থেকে ২০২৬-২৭ শিক্ষাবর্ষ পর্যন্ত মোট ৩১৩ জন এমবিবিএস শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছেন। ২০২৩-২৪ ও ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ৭৫ জন করে শিক্ষার্থী ভর্তির অনুমোদন দেওয়া হয়েছিল। তবে ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে ভর্তির অনুমোদিত আসন আবার ৫০ জনে নির্ধারণ করা হয়েছে।

শিক্ষার্থীদের আবাসন ব্যবস্থাও এখনো অস্থায়ী। ছাত্রীদের জন্য চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের আবাসিক কোয়ার্টারের খালি ইউনিট ব্যবহার করা হচ্ছে। অন্যদিকে, ছাত্রদের জন্য ভাড়া করা আবাসনে থাকার ব্যবস্থা রয়েছে। নতুন ছাত্রী হোস্টেলের জন্য অতিরিক্ত আবাসন ভাড়া নেওয়া হয়েছে। ইন্টার্ন চিকিৎসকদের আবাসনের ব্যবস্থাও এখনো প্রক্রিয়াধীন। এ ছাড়া প্রায় আট হাজার বর্গফুটের একটি একাডেমিক ভবন ভাড়া নিয়ে সেখানে বেসিক সায়েন্স বিভাগের কার্যক্রম স্থানান্তর করা হয়েছে। ফলে প্রয়োজনীয় শিক্ষা ও আবাসন সুবিধা নিশ্চিত করতে প্রতিনিয়ত অস্থায়ী ব্যবস্থার ওপর নির্ভর করতে হচ্ছে প্রতিষ্ঠানটিকে।

প্রতিষ্ঠার আট বছর পেরিয়ে গেলেও চাঁদপুর মেডিকেল কলেজের পূর্ণাঙ্গ অবকাঠামো গড়ে না ওঠা সংশ্লিষ্টদের জন্য যেমন হতাশার, তেমনি মানসম্মত চিকিৎসাশিক্ষা নিশ্চিত করার ক্ষেত্রেও বড় চ্যালেঞ্জ। এখন শিক্ষার্থী ও স্থানীয়দের প্রত্যাশা, প্রকল্প অনুমোদন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের মধ্যেই যেন উন্নয়ন কার্যক্রম সীমাবদ্ধ না থাকে। দ্রুত ভূমি অধিগ্রহণ শেষ করে স্থায়ী ক্যাম্পাস, আবাসিক হল, আধুনিক ল্যাবরেটরি ও নিজস্ব হাসপাতাল নির্মাণের কাজ শুরু হবে। তবেই আট বছরের অপেক্ষার অবসান ঘটিয়ে পূর্ণাঙ্গ মেডিকেল কলেজ হিসেবে গড়ে উঠতে পারে চাঁদপুর মেডিকেল কলেজ।

এদিকে, চাঁদপুর শহরতলির ইসলামপুর গাছতলা এলাকায় ডাকাতিয়া নদীর তীরে মেডিকেল কলেজের স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করা হয়। কিন্তু ভূমি অধিগ্রহণ, প্রশাসনিক জটিলতা ও প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন ধাপ পেরিয়ে দীর্ঘদিনেও মূল অবকাঠামো নির্মাণকাজ শুরু করা সম্ভব হয়নি। অবশেষে দীর্ঘ আট বছর পর প্রকল্প এলাকায় কিছুটা দৃশ্যমান অগ্রগতি হয়েছে। প্রকল্প এলাকার সাইনবোর্ড স্থাপন এবং অবকাঠামো উন্নয়নকাজের প্রথম ধাপের উদ্বোধন করা হয়েছে। চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

তবে দীর্ঘদিনের সংকটের বাস্তব চিত্র উঠে এসেছে শিক্ষার্থীদের বক্তব্যে। চাঁদপুর মেডিকেল কলেজের তৃতীয় ব্যাচের শিক্ষার্থী ও বর্তমানে ইন্টার্ন চিকিৎসক হিসেবে কর্মরত ডা. মুজাহিদ বলেন, আমরা যখন মেডিকেল কলেজে ভর্তি হই, তখন আমাদের অন্যতম প্রধান প্রত্যাশা ছিল একটি বড় ও আধুনিক স্থায়ী ক্যাম্পাসে পড়াশোনা করার সুযোগ পাব। কিন্তু দুঃখজনকভাবে স্থায়ী ক্যাম্পাস না থাকায় নানা সমস্যা ও সংকটের মধ্য দিয়ে আমাদের শিক্ষাজীবন পার করতে হয়েছে। শুধু স্থায়ী ক্যাম্পাসের অভাবই নয়, হলরুম, খেলার মাঠ, প্রয়োজনীয় জনবল ও শিক্ষক সংকটসহ বিভিন্ন সীমাবদ্ধতা ছিল। এসব প্রতিকূলতা ও নানা সংগ্রামের মধ্য দিয়েই আজ আমরা ইন্টার্ন চিকিৎসক হিসেবে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে যোগদান করেছি।

তিনি আরও বলেন, আমাদের প্রত্যাশা, পরবর্তী ব্যাচের শিক্ষার্থীদের যেন এ ধরনের প্রতিকূলতার মুখোমুখি হতে না হয়। বর্তমান ও ভবিষ্যৎ শিক্ষার্থীরা যেন দ্রুত একটি স্থায়ী ক্যাম্পাস পায়, যেখানে নির্বিঘ্নে পড়াশোনা ও চিকিৎসাশিক্ষার প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করতে পারবে। পাশাপাশি আমাদেরও প্রত্যাশা, জীবদ্দশায় যেন চাঁদপুর মেডিকেল কলেজের সেই স্থায়ী ক্যাম্পাস বাস্তবে দেখে যেতে পারি।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষার্থী জানান, একটি পূর্ণাঙ্গ মেডিকেল কলেজের জন্য নিজস্ব ক্যাম্পাস, আধুনিক শ্রেণিকক্ষ, পর্যাপ্ত ল্যাবরেটরি, সমৃদ্ধ লাইব্রেরি, আবাসিক হল ও খেলার মাঠ অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু এসব সুবিধার অভাবে নিয়মিত পাঠদান, ব্যবহারিক শিক্ষা ও স্বাভাবিক শিক্ষাজীবন নানা প্রতিবন্ধকতার মুখে পড়ছে। বিশেষ করে আবাসন সংকট ও পর্যাপ্ত জায়গার অভাবে শিক্ষার্থীদের ভোগান্তি পোহাতে হচ্ছে। শুধু আশ্বাস নয়, দ্রুত নতুন ক্যাম্পাসের নির্মাণকাজ দৃশ্যমান করার দাবি জানান তারা। প্রয়োজনীয় অবকাঠামো ও আধুনিক শিক্ষা উপকরণ নিশ্চিত করা গেলে প্রতিষ্ঠানটির শিক্ষার পরিবেশ আরও উন্নত হবে বলেও মনে করেন তাঁরা।

চাঁদপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ ইকবাল হোসেন বলেন, চাঁদপুর মেডিকেল কলেজ হাসপাতাল ও নার্সিং কলেজ প্রতিষ্ঠার জন্য ইতোমধ্যে একটি উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) অনুমোদন হয়েছে। বর্তমানে ভূমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে।

তিনি আরও বলেন, আমরা অত্যন্ত আশাবাদী, চলতি বছরের শেষ দিকে মেডিকেল কলেজের অবকাঠামোগত উন্নয়নের দৃশ্যমান অগ্রগতি দেখতে পাব। প্রকল্পগুলোর কাজ সম্পন্ন হলে শিক্ষার্থী ও ইন্টার্ন চিকিৎসকদের দীর্ঘদিনের আবাসন সংকটসহ বিভিন্ন সমস্যার সমাধান হবে।

অধ্যক্ষের দেওয়া তথ্য অনুযায়ী, বর্তমানে চাঁদপুর মেডিকেল কলেজে মোট ৩৪৪ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছেন। এর মধ্যে ছাত্র ১৬১ জন এবং ছাত্রী ২১৭ জন। নিজস্ব আবাসন ব্যবস্থা না থাকায় শিক্ষার্থীদের ভাড়া করা ভবনে থাকতে হচ্ছে। মেডিকেল কলেজ হাসপাতাল ও নার্সিং কলেজের প্রকল্প বাস্তবায়িত হলে এ সংকটের সমাধান হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

শিক্ষক ও কর্মচারী সংকটের বিষয়ে অধ্যক্ষ বলেন, চাঁদপুর মেডিকেল কলেজে শিক্ষক-কর্মচারী মিলিয়ে অনুমোদিত পদ রয়েছে ১০৯টি। এর মধ্যে কর্মরত শিক্ষক রয়েছেন ৬২ জন। তাদের মধ্যে ২৪ জন বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সংযুক্তিতে (ওএসডি) কর্মরত রয়েছেন।

অন্যদিকে, কর্মচারীদের অনুমোদিত পদের বিপরীতে কর্মরত রয়েছেন মাত্র তিনজন এবং ১৭টি পদ শূন্য রয়েছে। তবে শিক্ষক সংকটের কারণে বর্তমানে পাঠদান কার্যক্রমে কোনো সমস্যা হচ্ছে না বলে দাবি করেন তিনি। তার ভাষ্য, প্রতিটি বিভাগে অধ্যাপক ও সহকারী অধ্যাপক রয়েছেন।

ব্যবহারিক শিক্ষার সীমাবদ্ধতার কথা স্বীকার করে অধ্যক্ষ বলেন, স্থায়ী ক্যাম্পাস না থাকায় প্র্যাকটিক্যাল ক্লাস পরিচালনায় কিছুটা সমস্যা হচ্ছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি পর্যাপ্ত থাকলেও অবকাঠামোগত সংকটের কারণে ছোট ছোট কক্ষে ক্লাস ও ব্যবহারিক কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। অন্যদিকে, ইন্টার্ন চিকিৎসকরা চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে ইন্টার্নশিপ করছেন। তাদের জন্যও সবচেয়ে বড় সমস্যা আবাসন সংকট।

তিনি আরও বলেন, ইতোমধ্যে চাঁদপুর মেডিকেল কলেজ থেকে তিনটি ব্যাচের শিক্ষার্থীরা চিকিৎসক হিসেবে বের হয়েছেন। এখানকার শিক্ষকরা অত্যন্ত আন্তরিকতার সঙ্গে পাঠদান করছেন। দ্রুত অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি শিক্ষক ও কর্মচারীদের শূন্য পদগুলো পূরণ হবে বলে আশা করছি। এতে মেডিকেল কলেজের শিক্ষা ও চিকিৎসাসেবা কার্যক্রম আরও গতিশীল হবে।

হামের উপসর্গে ২৪

ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে সিলেট বিভাগে তিন শিশু, রংপুর বিভাগে দুই শিশু এবং চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগে দুই শিশুর মৃত্যু হয়েছে। অন্যদিকে ঢাকা বিভাগে হাম নিশ্চিত হওয়ার পর একজন শিশুর মৃত্যু হয়েছে।

গত ২৪ ঘণ্টায় ১০২ শিশুর শরীরে হাম শনাক্ত হয়েছে। এ নিয়ে চলতি বছরে নিশ্চিত হাম আক্রান্ত শিশুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৬ হাজার ৪৭৬। একই সময়ে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ৭ জন। এ নিয়ে এ বছর সন্দেহভাজন হাম রোগীর মোট সংখ্যা দাঁড়িয়েছে ২ লাখ ৬১ হাজার ৫৩৫।

স্বাস্থ্য অধিদপ্তরের হিসাবে, চলতি বছরের ১৫ মার্চ থেকে দেশে হাম ও এর উপসর্গে মৃত্যুর সংখ্যা আগের যেকোনো বছরের তুলনায় বেশি। এর আগে ২০০৬ সালে একটি জরিপে হামে চারজনের মৃত্যুর তথ্য পাওয়া যায়। পরবর্তী বছরগুলোর মধ্যে ২০১৭ সালে সর্বোচ্চ ১০ জন, ২০১৮ সালে ছয়জন এবং ২০২০ সালে সাতজনের মৃত্যুর তথ্য নথিভুক্ত হয়েছিল।

চলতি বছরের জানুয়ারিতে প্রথম কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে হাম রোগী শনাক্ত হয়। পরে ফেব্রুয়ারিতে রাজধানীর কয়েকটি বস্তিতে সংক্রমণ দেখা দেয়। তবে সরকারিভাবে ১৫ মার্চ থেকে হাম আক্রান্ত রোগী ও মৃত্যুর তথ্য প্রকাশ শুরু করে স্বাস্থ্য অধিদপ্তর।

হাজীগঞ্জে চাঁদা না দেয়ায়

ভুক্তভোগী ব্যবসায়ী মো. রেদওয়ানুল ইসলাম তানজিব (২৯) বাদী হয়ে চাঁদপুরের বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সদর আমলী আদালতে মামলাটি দায়ের করেন। শুনানি শেষে আদালত মামলাটি আমলে নিয়ে অভিযুক্ত পাঁচজনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির নির্দেশ দেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, হাজীগঞ্জ উপজেলার অলিপুর গ্রামের মৃত মো. রফিকুল ইসলামের ছেলে রেদওয়ানুল ইসলাম তানজিব ঢাকার বাংলাবাজার থেকে বই সংগ্রহ করে চাঁদপুর জেলার বিভিন্ন লাইব্রেরিতে পাইকারি দরে বিক্রি করেন। পাশাপাশি তিনি বাকিলা বাজারের 'ইনসাফ ক্ষুদ্র ব্যবসায়ী সমিতি'র সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। সমিতির ব্যাংক হিসাব রূপালী ব্যাংক লিমিটেডের হাজীগঞ্জ শাখায় পরিচালিত হয়।

এজাহারে বাদী অভিযোগ করেন, তার ব্যবসায়িক ও আর্থিক উন্নতি দেখে স্থানীয় একটি চক্র দীর্ঘদিন ধরে তার কাছে চাঁদা দাবি করে আসছিল। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে তাকে ও তার পরিবারের সদস্যদের প্রাণনাশের হুমকি দেওয়া হয়।

গত ১১ সেপ্টেম্বর হাজীগঞ্জ অলিপুর আব্দুর রশিদ মুন্সীর বাড়ির সামনে রেদাওয়ানুল ইসলামকে আসামীরা অস্ত্রের মুখে অপহরণ করে আটকে রাখা, ২০ লাখ টাকা চাঁদা দাবি এবং জোরপূর্বক ফাঁকা চেক ও নন-জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর নেওয়ার ঘটনা ঘটে বলে মামলায় উল্লেখ করা হয়েছে।

ট্রাফিকের টিআই প্রবীরসহ

মামলার জরিমানা আদায়ে বিশেষ অবদান রাখায় অক্টোবর মাসের শ্রেষ্ঠত্বের পুরস্কার পেয়েছেন চাঁদপুর ট্রাফিক পুলিশের তিন সদস্য। পুরস্কারপ্রাপ্তরা হলেনঃ- ট্রাফিক পুলিশের টিআই (এডমিন) প্রবীর কুমার দাস, এটিএসআই মোজাম্মেল হোসেন ও সার্জেন্ট ইমরানুল কবির।

বৃহস্পতিবার (২৬ নভেম্বর) সকালে চাঁদপুর পুলিশ লাইন্সের মাল্টিপারপাস শেডে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভায় তাঁদের হাতে সম্মাননা ও পুরস্কার তুলে দেন পুলিশ সুপার মো. মিজানুর রহমান।

সড়কে যানবাহন চলাচলে শৃঙ্খলা প্রতিষ্ঠা, ট্রাফিক ব্যবস্থাপনায় দক্ষতা, দায়িত্ব পালনে পেশাদারিত্ব ও সাহসিকতার স্বীকৃতিস্বরূপ টিআই (এডমিন) প্রবীর কুমার দাস ও এটিএসআই মোজাম্মেল হোসেনকে এ পুরস্কার দেওয়া হয়। অন্যদিকে, ট্রাফিক আইন অমান্যকারীদের বিরুদ্ধে পরিচালিত মামলায় সর্বোচ্চ পরিমাণ জরিমানা আদায়ের ক্ষেত্রে বিশেষ অবদান রাখায় সার্জেন্ট ইমরানুল কবিরকে পুরস্কৃত করা হয়েছে।

চাঁদপুর শহরের যানজট নিরসন, সড়কে যানবাহনের সুষ্ঠু চলাচল নিশ্চিত করা এবং ট্রাফিক আইন বাস্তবায়নে মাঠপর্যায়ে দায়িত্ব পালন করে আসছেন ট্রাফিক পুলিশের সদস্যরা। বিশেষ করে ব্যস্ততম সড়ক, গুরুত্বপূর্ণ মোড় ও যানজটপ্রবণ এলাকায় যান চলাচল স্বাভাবিক রাখা, অবৈধ পার্কিং নিয়ন্ত্রণ, নিয়মবহির্ভূত যানবাহনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং চালক ও পথচারীদের সচেতন করার ক্ষেত্রে ট্রাফিক পুলিশের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসব দায়িত্ব পালনে নিষ্ঠা, দক্ষতা ও আন্তরিকতার স্বীকৃতি হিসেবেই তাঁদের এ সম্মাননা প্রদান করা হয়েছে।

অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. খায়রুল কবীরের পরিচালনায় অনুষ্ঠিত মাসিক কল্যাণ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিরা নূর, সহকারী পুলিশ সুপাররা, চাঁদপুর পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার, ডিআইও-১, জেলা বিশেষ শাখার কর্মকর্তারা, জেলার সকল থানার অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখার কর্মকর্তা, পুলিশ পরিদর্শক (শহর ও যানবাহন শাখা), কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই পুলিশ লাইন্স, আরআই রিজার্ভ অফিসসহ জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা।

পুরস্কারপ্রাপ্তির প্রতিক্রিয়ায় ট্রাফিক পুলিশের টিআই (এডমিন) প্রবীর কুমার দাস বলেন, এই স্বীকৃতি আমার একার অর্জন নয়; এটি চাঁদপুর ট্রাফিক পুলিশের প্রতিটি সদস্যের সম্মিলিত প্রচেষ্টার ফল। সড়কে শৃঙ্খলা নিশ্চিত করতে আমরা দায়িত্ব ও পেশাদারিত্বের সঙ্গে কাজ করে যাচ্ছি। ভবিষ্যতেও আইন মেনে যানবাহন চলাচল নিশ্চিত করতে আরও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করব।

তিনি আরো বলেন, সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার ক্ষেত্রে শুধু আইন প্রয়োগই যথেষ্ট নয়, পাশাপাশি চালক, পথচারী ও সাধারণ মানুষের সচেতনতা অত্যন্ত জরুরি। ট্রাফিক আইন মেনে চলার মানসিকতা তৈরি হলে সড়কে বিশৃঙ্খলা ও দুর্ঘটনার ঝুঁকি অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। এ ক্ষেত্রে পুলিশ প্রশাসনের পাশাপাশি পরিবহন শ্রমিক, চালক, পথচারী ও সর্বস্তরের মানুষের সহযোগিতা প্রয়োজন।

তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, সবার সম্মিলিত সহযোগিতা ও সচেতনতার মাধ্যমে চাঁদপুরের সড়ক ব্যবস্থাপনাকে আরও সুশৃঙ্খল, গতিশীল ও নিরাপদ করা সম্ভব হবে।

হত্যাকারী যে-ই হোক

পুলিশের দাবি, অনলাইন জুয়ার ঋণের টাকা জোগাড় করতে নানিকে হত্যা করে স্বর্ণালংকার ও মোবাইল ফোন নিয়ে যায় তাঁর নাতি। এ ঘটনায় অভিযুক্ত কিশোরকে গ্রেপ্তার করা হয়েছে। আদালতে সে হত্যাকাণ্ডে জড়িত থাকার কথা স্বীকার করে জবানবন্দিও দিয়েছে।

এদিকে মাকে হারিয়ে জাপান থেকে দেশে ফিরে এখন শোকে মুহ্যমান একমাত্র ছেলে জুবায়ের খান। তাঁর দাবি, মায়ের হত্যাকারী যে-ই হোক, আইন অনুযায়ী তার সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে হবে। অন্যদিকে অভিযুক্ত কিশোরের বাবা-মায়েরও একই কথা, হত্যাকারী যে-ই হোক, তাঁরা একজন মায়ের হত্যারকারীর বিচার চান।

কিন্তু এই হত্যাকাণ্ডের পেছনে রয়েছে এক মায়ের একাকিত্ব, ছেলের কাছে শহরে বাসা ভাড়া করে দেওয়ার আবদার এবং বিদেশে থাকা সন্তানের মাকে নিরাপদে রাখার চেষ্টা। নিজের মেয়েদের বেড়াতে আসা এবং সবকিছু যাতে হাতের কাছে পান সে আশায় শহরে বাসা ভাড়া করে দিয়েছিলেন জাপান প্রবাসী ছেলে। মায়ের সেই চাওয়া পূরণ হলেও শেষ পর্যন্ত শহরের ভাড়া বাসাতেই নির্মমভাবে প্রাণ হারাতে হলো তাঁকে।

নিহত লুৎফুর নাহারের গ্রামের বাড়ি চাঁদপুর সদর উপজেলার ৯নং বালিয়া ইউনিয়নের উত্তর বালিয়া ২নং ওয়ার্ডের নাজির খান বাড়ি। তাঁর স্বামী জয়নাল আবেদীন ২০১৬ সালের সেপ্টেম্বর মাসে মারা যান। এক ছেলে ও পাঁচ মেয়ের মধ্যে এক মেয়ে মারা গেছেন। বাকি মেয়েদের বিয়ে হওয়ায় তাঁরা স্বামীর বাড়িতে সংসার করছেন। একমাত্র ছেলে জুবায়ের খান জীবিকার তাগিদে গত দেড় বছর আগে জাপানে পাড়ি জমিয়েছেন। ফলে গ্রামের বাড়িতে অনেকটা একাকী জীবন কাটাতে হতো লুৎফুর নাহারকে।

নিহতের একমাত্র ছেলে জুবায়ের খানের সঙ্গে কথা বলে জানা যায়, তাঁর মা নিজের দৈনন্দিন কাজ নিজেই করতে পছন্দ করতেন। তবে একা থাকার কারণে নিজের হাতে রান্না করে খেতে পারতেন না। বাইরের খাবার কিংবা অন্যের হাতে রান্না করা খাবার বেশি পছন্দ করতেন। মাঝেমধ্যে গ্রামের বাজার থেকে প্রয়োজনীয় জিনিসপত্র কিনে আনতেন। কিন্তু গ্রামের বাজার কিছুটা দূরে হওয়ায় সবকিছু সময়মতো কিংবা হাতের কাছে পাওয়া সম্ভব হতো না।

জুবায়ের বলেন, 'মা একা মানুষ ছিলেন। নিজেরটা নিজে রান্না করে খেতে পারতেন না। বাইরের খাবার এবং অন্যের হাতে রান্না করা খাবার বেশি পছন্দ করতেন। গ্রামের বাজারও কিছুটা দূরে। সবকিছু সময়মতো পাওয়া যেত না। শহরে থাকলে প্রয়োজনীয় সবকিছু হাতের কাছে পাওয়া যাবে, আত্মীয়স্বজনও সহজে এসে দেখা করতে পারবে। এসব চিন্তা থেকেই মা আমাকে শহরে একটি বাসা ভাড়া করে দিতে বলেছিলেন।

তিনি আরও জানান, চাঁদপুর শহরের প্রেসক্লাব সড়কে নির্মাণাধীন একটি বহুতল ভবনে তাঁর চতুর্থ বোন নাহিদা আক্তার একটি ফ্ল্যাট কিনেছেন। সেই সুবাদে ওই এলাকার কাছাকাছি বাসা খোঁজা হয়। পরে মাত্র এক মিনিটের দূরত্ব বিবেচনা করে শহরের জোড়পুকুর পাড় এলাকার নাজিরা কমপ্লেক্সের সপ্তম তলায় একটি ফ্ল্যাট ভাড়া নেয়া হয়। বাসাটি তাঁর মা নিজেই পছন্দ করেছিলেন। ভবনে লিফটের ব্যবস্থাও ছিল। চলতি মাসের ১ নভেম্বর থেকে সেখানে একাই বসবাস শুরু করেন তিনি।

পরিবারের দেওয়া তথ্য অনুযায়ী, অভিযুক্ত সিয়াম নিহত লুৎফুর নাহারের তৃতীয় মেয়ের বড় ছেলে। সিয়ামদের পরিবারে দুই ভাই ও এক বোন। তার বাবা হোসেন প্রধানীয়া। ১৬ বছর বয়সী সিয়াম মুন্সির হাট উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী।

ঘটনার দুই দিন আগে গত ১৬ নভেম্বর সিয়াম তার বাবা-মাকে সঙ্গে নিয়ে নানির বাসায় বেড়াতে আসেন। পরদিন ১৭ নভেম্বর তারা চলে যায়। তবে এর আগেও কিছুদিন পরপর নানির বাসায় সিয়ামের আসা-যাওয়া ছিল। এতে নানি নাতির সম্পর্কটাও অনেক ভালো ছিলো। ঘটনার দিন ১৮ নভেম্বর বিকেলেও সে নানির বাসায় এসেছিল বলে জানিয়েছেন জুবায়ের খান।

গত ১৮ নভেম্বর হত্যাকাণ্ডের দিন বিকেল ৪টার দিকে মায়ের সঙ্গে সর্বশেষ কথা হয় ছেলে জুবায়ের খানের। তখন মা তাঁকে জানিয়েছিলেন, বাইরে গিয়ে বুট, পেঁয়াজুসহ কিছু খাবার কিনে খাবেন। স্বাভাবিকভাবেই মায়ের সঙ্গে কথা বলেছিলেন তিনি। তখনো বুঝতে পারেননি, সেটিই হতে যাচ্ছে মায়ের সঙ্গে তাঁর শেষ কথোপকথন।

এরপর সন্ধ্যার পর পরিবারের সদস্যরা একাধিকবার ফোন করেও লুৎফুর নাহারের সঙ্গে যোগাযোগ করতে পারছিলেন না। পরে তাঁর চতুর্থ মেয়ে নাহিদা আক্তার ও নাতি বাঁধন ভবনের নিরাপত্তাকর্মীকে ফোন করে খোঁজ নিতে বলেন। নিরাপত্তাকর্মী দেলোয়ার হোসেন গাজী ফ্ল্যাটে গিয়ে ডাকাডাকি করেও কোনো সাড়া না পেয়ে ভেতরে প্রবেশ করেন। পরে অন্য কক্ষে হাত- বাঁধা ও রক্তাক্ত অবস্থায় লুৎফুর নাহারকে পড়ে থাকতে দেখেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে।

মায়ের মৃত্যুর খবর পাওয়ার মুহূর্তের বর্ণনা দিতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন জুবায়ের খান। তিনি বলেন, যখন আমার কাছে খবর আসে, তখন জাপানে রাত সাড়ে ১২টা। আমি ঘুমিয়ে ছিলাম। আমার সঙ্গে যে রুমমেট থাকেন, তিনি আমার মোবাইলে দেশের একাধিক নম্বর থেকে কল আসতে দেখে আমাকে ঘুম থেকে ডেকে বলেন, তোমার দেশ থেকে অনেকগুলো কল আসছে, তুমি ফোনটা ধরো।

তিনি বলেন, ফোন রিসিভ করতেই আমার বড় বোনের ছেলে ভাগিনা বাঁধনের কাছ থেকে মায়ের এমন নির্মমভাবে খুন হওয়ার খবর শুনি। প্রথমে নিজেকে বিশ্বাস করাতে পারছিলাম না। কীভাবে এমন ঘটনা ঘটতে পারে, কিছুতেই বুঝে উঠতে পারছিলাম না। পরে আমার অন্য বোন ও আত্মীয়স্বজনের কাছে ফোন করে বিষয়টি নিশ্চিত হই।

মায়ের মৃত্যুর খবর নিশ্চিত হওয়ার পর আর দেরি করেননি তিনি।

জুবায়ের বলেন, এরপর হঠাৎ করে আমার এক জেঠাতো ভাইয়ের সহযোগিতায় বাংলাদেশ বিমানের দুপুরের ফ্লাইটে দেশে আসার টিকিটের ব্যবস্থা হয়। মায়ের এমন মৃত্যুর খবর শুনে বিদেশে বসে থাকা আমার জন্য খুবই কষ্টের ছিল।

পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী, এ

চাঁদপুর জেলা যুবদলের

যুবদলের সমন্বয়ক মোহাম্মদ ফিরোজ আবদুল্লাহ।তিনি তার বক্তব্যে বলেন, সবার আগে চাঁদপুর জেলা যুবদলের নবগঠিত কমিটিকে অভিনন্দন জানাই। অত্যান্ত সুন্দর ও দক্ষ কমিটি দেয়া হয়েছে। যারা রাজপথে ছিলেন তাদের দিয়ে চাঁদপুর জেলা যুবদলের পূর্ণাঙ্গ কমিটি গঠন করবেন। ত্যাগী কেউ যাতে বাদ না যায়।

তিনি আরো বলেন, ফ্যাসিস্টরা বলেছিলো আওয়ামী লীগ ক্ষমতা থেকে চলে গেলে কমপক্ষে ৫ লাখ নেতা-কর্মী মারা যাবে। ফ্যাসিস্টরা ক্ষমতা থেকে যাওয়ার পর বিএনপির হাতে তাদের একজনও নেতা-কর্মী মারা যায়নি। আমাদের নেতা বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান সবাইকে ক্ষমা করে দিয়েছেন। কিন্তু ফ্যাসিস্ট আওয়ামী লীগ সন্ত্রাসী ও জ্বালাও পোড়াও করে যাচ্ছে। যুবদলের প্রতি বেশি ভরসা করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

চাঁদপুর জেলা যুবদলের সভাপতি অ্যাড. নুরুল আমিন আকাশের সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুমিল্লা বিভাগীয় যুবদলের সহ-সমন্বয়ক এজমল হোসেন পাইলট। চাঁদপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ বাহারের পরিচালনায় বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক ও চাঁদপুর জেলা যুবদলের সাংগঠনিক দায়িত্বপ্রাপ্ত আশরাফুর রহমান বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সহ-সাংগঠনিক সম্পাদক ও চাঁদপুর জেলা যুবদলের সাংগঠনিক দায়িত্বপ্রাপ্ত মোহাম্মদ নাছির উদ্দিন সরকার শাওন।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন মতলব উত্তর উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান সাগর।

প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন চাঁদপুর সদর উপজেলা যুবদলের আহ্বায়ক নজরুল ইসলাম খান নজু, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান খান কাজল, পৌর যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুর রাজ্জাক হাওলাদারসহ মতলব দক্ষিণ উপজেলা ও পৌর, মতলব উত্তর উপজেলা ও পৌর, হাইমচর উপজেলা, কচুয়া উপজেলা ও পৌর, শাহরাস্তি উপজেলা ও পৌর, হাজীগঞ্জ উপজেলা ও পৌর যুবদলের নেতা-কর্মীরা।

বাল্যবিবাহ রোধে শতভাগ

হিসেবে কাজ করে। জন্ম নিবন্ধন কন্যাশিশুর অধিকার, শিক্ষা, স্বাস্থ্য, মর্যাদা ও সমান সুযোগ নিশ্চিত করার পূর্বশর্ত। এটি শিশুর বয়সের নির্ভরযোগ্য প্রমাণ হিসেবে কাজ করে। ফলে বিয়ের ক্ষেত্রে বয়স যাচাই, ভুয়া বয়স দেখিয়ে বাল্যবিবাহের চেষ্টা প্রতিরোধ এবং স্থানীয় পর্যায়ে ঝুঁকিতে থাকা শিশুদের শনাক্তকরণ সহজ হয়। তবে বাংলাদেশে এখনও প্রায় অর্ধেক মানুষ নিবন্ধনের বাইরে রয়ে গেছে।

বিদ্যমান আইনের সীমাবদ্ধতা শতভাগ নিবন্ধন লক্ষ্যমাত্রা অর্জনে বড় বাধা হিসেবে কাজ করছে। বিশেষজ্ঞদের মতে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ সংশোধন করে ব্যক্তির পরিবর্তে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানকে আইনগতভাবে নিবন্ধনের দায়িত্ব প্রদান করা হলে হাসপাতালে জন্ম নেওয়া প্রায় ৬৭ শতাংশ শিশু জন্মের মুহূর্তেই স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হয়ে যাবে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ৫.৩ অনুযায়ী, বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে বাল্যবিবাহ নির্মূলে অঙ্গীকারবদ্ধ। একইভাবে, এসডিজি ১৬.৯-এ ২০৩০ সালের মধ্যে সবার জন্য আইনি পরিচয় নিশ্চিত করার কথা বলা হয়েছে, যার অন্যতম ভিত্তি জন্ম নিবন্ধন। সকল শিশুর অধিকার সুরক্ষার আন্তর্জাতিক চুক্তি, জাতিসংঘের শিশু অধিকার সনদ প্রতিপালনেও বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ। পাশাপাশি, জাতীয় বাল্যবিবাহ নিরোধ কর্মপরিকল্পনা (২০১৮-২০৩০) এবং বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ বাস্তবায়নেও শতভাগ নিবন্ধন গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা রাখতে পারে।

২০২৫ সালের অক্টোবরে বাল্যবিবাহ প্রতিরোধে অনুষ্ঠিত আন্তমন্ত্রণালয় সংলাপে স্থানীয় সরকার বিভাগকে সর্বজনীন জন্ম ও বিবাহ নিবন্ধন নিশ্চিত করার মাধ্যমে বয়স যাচাই জোরদারের বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। এজন্য নিবন্ধন কার্যক্রম আরও সহজ ও কার্যকর করা প্রয়োজন।

দিবসটি উপলক্ষে এক প্রতিক্রিয়ায় গবেষণা ও অ্যাডভোকেসি প্রতিষ্ঠান প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান)-এর নির্বাহী পরিচালক এবিএম জুবায়ের বলেন, প্রতিটি কন্যাশিশুর জন্ম নিবন্ধনের মাধ্যমে আইনি পরিচয় নিশ্চিত করা গেলে তা শিশুর বয়স, অধিকার ও শৈশব সুরক্ষার ভিত্তি তৈরি করবে। বাল্যবিবাহমুক্ত দেশ গড়তে তাই জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ শক্তিশালী ও যুগোপযোগী করা অত্যন্ত জরুরি।

গ্রেপ্তারি পরোয়ানা নিয়ে মাহমুদুর

আদালত। সেই পরোয়ানা তামিল করতে তিনি বাসায় এসেছেন।

পরে খোঁজ নিয়ে জানা যায়, পরোয়ানা জারি হওয়া মামলাটি নড়াইল সদর থানায় দায়ের হয় ২০১৮ সালের ১১ এপ্রিল। বাদী নড়াইল জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মোস্তফা কামরুজ্জামান কামাল। এ মামলায় আরো দুজন আসামি হচ্ছেন–বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক উপরাষ্ট্রপতি ব্যারিস্টার মওদুদ আহমদ। তিনি ২০২১ সালের ১৬ মার্চ মৃত্যুবরণ করেন। অপর আসামি বাংলাদেশ ডেমোক্রেটিক কাউন্সিলের সভাপতি এম এ হালিম। মামলায় বাংলাদেশ দণ্ডবিধির মানহানির তিনটি ধারা ৫০০,৫০১, ৫০৫ ছাড়াও ১২৩(ক)/১২৪(ক) উল্লেখ করে অভিযোগ আনা হয়েছে।

মজার ব্যাপার হচ্ছে, মামলাটির কার্যক্রম হাইকোর্ট বেঞ্চ স্থগিত করেছে। চলতি বছরের ২৯ আগস্ট নড়াইলের ম্যাজিস্ট্রেট কোর্ট এক আদেশে সেটা উল্লেখও করেছে। মামলার পরবর্তী তারিখ নির্ধারণ করেছে আগামী বছরের ২৭ জানুয়ারি। সেই স্থগিত মামলার ওয়ারেন্ট তামিল করতে পুলিশ হাজির হয়েছে মাহমুদুর রহমানের বাসায়। ওয়ারেন্ট নম্বর–আর-১৬/২৬, যা জারি হয়েছে ২০১৯ সালের ২৯ সেপ্টেম্বর।

হাইমচরে মৎস্য সংরক্ষণ

মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাইমচরের আয়োজনে মৎস্য সংরক্ষণ আইন ও বিধিমালা, দায়িত্বশীল মৎস্য আহরণ (ঈজঈঋ) এবং ওটট ঋরংযরহম বিষয়ে উদ্বুদ্ধকরণমূলক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে উপজেলা নির্বাহী কর্মকর্তা, হাইমচর মো. নজরুল ইসলাম উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বক্তব্য দেন। এ সময় তিনি মৎস্য সংরক্ষণ আইন ও বিধিমালার আলোকে মৎস্যসম্পদ রক্ষার গুরুত্ব, আইন মেনে মৎস্য আহরণ এবং প্রাকৃতিক মৎস্যসম্পদের ভারসাম্য বজায় রাখার বিষয়ে আলোকপাত করেন।

তিনি প্রশিক্ষণার্থীদের মৎস্য সংরক্ষণসংক্রান্ত আইন ও বিধিবিধান সম্পর্কে সচেতন হওয়ার পাশাপাশি দায়িত্বশীলভাবে মৎস্য আহরণ এবং অবৈধ মৎস্য আহরণ প্রতিরোধে যথাযথ ভূমিকা পালনের বিষয়ে গুরুত্বারোপ করেন।

সভায় আলোচকরা হাইমচর উপজেলার প্রাণিসম্পদের বর্তমান অবস্থা ও সম্ভাবনাকে কাজে লাগিয়ে এ খাতের উৎপাদনশীলতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি প্রাণিসম্পদের উন্নয়ন, সুষ্ঠু পরিচর্যা, আধুনিক ব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট কার্যক্রমের সম্প্রসারণের মাধ্যমে স্থানীয় অর্থনীতি ও মানুষের জীবনমান উন্নয়নের সম্ভাবনাও আলোচনায় স্থান পায়।

মৎস্য ও প্রাণিসম্পদ–উভয় খাতই গ্রামীণ অর্থনীতি, কর্মসংস্থান, পুষ্টি চাহিদা পূরণ এবং মানুষের আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই এ দুই খাতের সংরক্ষণ, উন্নয়ন ও টেকসই ব্যবস্থাপনায় সরকারি উদ্যোগের পাশাপাশি সংশ্লিষ্ট সকলের সচেতনতা ও দায়িত্বশীল অংশগ্রহণ প্রয়োজন।

হাইমচর উপজেলায় মৎস্যসম্পদ সংরক্ষণ এবং প্রাণিসম্পদ খাতের উন্নয়নে এ ধরনের প্রশিক্ষণ, সচেতনতামূলক কর্মসূচি ও আলোচনা সভা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।

হাজীগঞ্জ অগ্রণী ব্যাংক শাখার

প্রক্রিয়া। সেই সাথে নব যোগদানকৃত ব্যবস্থাপক হিসেবে যাকে পেয়েছেন, তিনি দক্ষ ও অভিজ্ঞ ব্যাংকার। তিনিও সঠিক ও দ্রুত সেবা প্?দানের মধ্যে দিয়ে এ অঞ্চলের গ্?াহকদের আস্থা অর্জন করতে পারবেন বলে আমি বিশ্বাসী।

তিনি বলেন, চাঁদপুর হলো জেলা তবে চাঁদপুরের রাজধানী হলো হাজীগঞ্জ। এ শহর ব্যবসা-বাণিজ্যে জেলা শহর থেকেও অনেক এগিয়ে।

বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক বিএম আহসান কলিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সাবেক উপ-মহাব্যবস্থাপক ও চাঁদপুর অঞ্চলের প্রধান তপন চন্দ্র সরকার ও সহকারী মহা-ব্যবস্থাপক মো. মনির হোসেন।

এসময় বক্তব্য রাখেন, সংবর্ধিত অতিথি মোহাম্মদ রাশেদুল ইসলাম ও কাজী কাউছার হোসেন, চাঁদপুরের শাখা ব্যবস্থাপকদের পক্ষে মো. আলমগীর হোসেন ফরাজী, ব্যাংকের জেলা অফিসার কল্যাণ সমিতির সভাপতি মো. শফিউল আলম, সিবিএ'র সভাপতি আমির হোসেন।

অনুষ্ঠানে গ্রাহকদের মধ্যে বক্তব্য রাখেন, হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মো. সালাউদ্দিন ফারুক, ব্যবসায়ী আব্দুল কুদ্দুস, আব্দুল মমিন, বিল্লাল পাটওয়ারী, মিজানুর রহমান সেলিম, শাখা কর্মকর্তাদের মধ্যে খায়রুল আলম মজুমদার ও শাকিল মির্জা প্রমুখ।

প্রিন্সিপাল অফিসার মাহবুবুর রহমান পাটওয়ারীর উপস্থাপনায় হাফেজ মো. সিয়াম হোসেন ও গীতা থেকে পাঠ করেন ব্যাংকের প্রিন্সিপাল অফিসার রিনা রানী সাহা বিশ্বাস। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান'সহ অন্যান্য অতিথিবৃন্দ, গ্রাহক ও ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মতলব উত্তরে জাতীয়

সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. শ্যামল চন্দ্র দাস।

উপজেলা একাডেমিক সুপারভাইজার মো. সাইফুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা ফয়সাল মোহাম্মদ আলী, মতলব উত্তর উপজেলা প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন ও স্থানীয় খামারি সুজন সরকার।

আলোচনা সভা শেষে প্রাণিসম্পদ খাতে অবদান রাখায় খামারিদের সনদ বিতরণ ও সংশ্লিষ্ট ব্যক্তিদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

সবজির বাজার

লাউ ৮০ টাকা, চালকুমড়া ৬০ টাকা, ফুলকপি ৬০ টাকা এবং বাঁধাকপি ৬০ টাকায় বিক্রি হচ্ছে। প্রতি হালি কাঁচা কলা ৫০ টাকা এবং লেবু ৪০ টাকায় বিক্রি হচ্ছে। সবজির দাম বেড়ে যাওয়া নিয়ে সবজি বিক্রেতা মো. শাহ আলম বলেন, বৃষ্টি হওয়াতে সবজির দাম একটু বেড়েছে। তবে এটা কমে যাবে। ফসলে অনেক ক্ষতি হয়েছে বৃষ্টিতে। তাই এখন এমন দাম। আরেক বিক্রেতা মো. সোহেল বলেন, এখন দাম কম থাকার কথা, কারণ শীতের সবজি চলে এসেছে। কিন্তু বৃষ্টি ঝামেলা করে ফেলেছে। মাল পচে গিয়েছে অনেক। আমরা ১৩০টা ফুলকপি এনেছিলাম। এরমধ্যে ২০টাই পচে গেছে। এখন আমরা কী করবো। ওগুলোর দাম আমাদের উঠাতে হবে। তাই দাম বাড়তি আছে। শুধু ফুলকপি না। সব সবজিরই একই অবস্থা। তবে কিছুদিন পরে এটা কমে যাবে আবার। এদিকে বাজার করতে আসা সাইদুর রহমান বলেন, সবজির দামতো কমেই না, উল্টা বাড়ে। এখন বাজার করতে আসলে বুঝি না কী কিনবো আর কী কিনবো না। কারণ সবকিছুর দামই বেশি। আমার মনে হয়, আমার মতো যারা নির্দিষ্ট ইনকামের মানুষ আছে তাদের সবারই একই অবস্থা। বাজারে কিছু ধরতে গেলেই অটোমেটিক মাথায় চলে আসে, পকেটে কত টাকা আছে।

দেশি রসুনের দাম বেড়েছে, কমেছে চায়না আদা ও রসুনের

আজকের বাজারে ক্রস জাতের পেঁয়াজ আকার ও মানভেদে ৫০ টাকা এবং দেশি পেঁয়াজ ৫৫ টাকা কেজিতে বিক্রি হচ্ছে। লাল ও সাদা আলুর দাম কেজিপ্রতি ২৫ টাকা। বগুড়ার আলু বিক্রি হচ্ছে ৫০ টাকায়। অন্যদিকে, দেশি রসুন ১১০-১২০ টাকা, চায়না রসুন ১৫০-১৬০ টাকা এবং চায়না আদা ১২০-১৪০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

দেখা গেছে, আজকের বাজারে দেশি রসুনের দাম বেড়েছে প্রতি কেজিতে ১০ থেকে ২০ টাকা। অপরদিকে চায়না রসুনের দাম কমেছে কেজি প্রতি ১০ থেকে ২০ টাকা। আর চায়না আদার দাম কমেছে ২০ থেকে ৩০ টাকা।

ডিমের দাম বেড়েছে, কমেছে মুরগির

আজকের বাজারে সব ধরনের ডিমের দাম বেড়েছে। মুরগির লাল ও সাদা ডিমের দাম ডজনে বেড়েছে ৫ থেকে ১০ টাকা এবং হাঁসের ডিমের দাম বেড়েছে ২০ থেকে ৩০ টাকা। অপরদিকে দেশি মুরগি বাদে সব ধরনের মুরগির মাংসের দাম কমেছে কেজিতে ৭ থেকে ২০ টাকা পর্যন্ত।

আজকের বাজারে মুরগির প্রতি ডজন লাল ডিম বিক্রি হচ্ছে ১২৫-১৩০ টাকা এবং সাদা ডিম ১২০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া হাঁসের ডিম বিক্রি হচ্ছে ডজনপ্রতি ২০০-২১০ টাকা।

অন্যদিকে, প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৬০-১৭০ টাকা, কক মুরগি ২৮০-৩০০ টাকা, লেয়ার মুরগি ২৮৭-২৯০ টাকা এবং দেশি মুরগি ৬২০-৬৫০ টাকায় বিক্রি হচ্ছে। গরুর মাংসের দাম কেজিপ্রতি ৮০০ টাকা এবং খাসির মাংস ১ হাজার ২৫০ টাকা।

এদিকে, মাছের বাজারেও রয়েছে দামের ভিন্নতা। আকার ও ওজন অনুযায়ী প্রতি কেজি ইলিশ মাছ ১০০০-২৬০০ টাকা, রুই মাছ ৪০০-৭০০ টাকা এবং কাতল মাছ ৩৫০-৬০০ টাকায় বিক্রি হচ্ছে। কালিবাউশ মাছ ৫০০-৮০০ টাকা, চিংড়ি মাছ ৭০০-১৬০০ টাকা, কাঁচকি মাছ ৫০০-৬০০ টাকা এবং কৈ মাছ বিক্রি হচ্ছে ২২০-২৫০ টাকা কেজি দরে।

এ ছাড়া প্রতি কেজি পাবদা মাছ ৪০০-৬০০ টাকা, বাতাসি মাছ ১৪০০-১৬০০ টাকা, কাজলি মাছ ১২০০-১৬০০ টাকা, শিং মাছ ৪০০-১২০০ টাকা, টেংরা মাছ ৬০০-১০০০ টাকা, মেনি মাছ ৫০০-৮০০ টাকা, বোয়াল মাছ ৬০০-১২০০ টাকা এবং রূপচাঁদা মাছ ১২০০-১৫০০ টাকায় বিক্রি হচ্ছে।

অপরিবর্তিত মুদিপণ্যের বাজার

আজকে বাজারে মুদি দোকানের পণ্যের দামে কোনও পরিবর্তন আসেনি। এখনও নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি হচ্ছে উচ্চ দামেই। তবে প্রতি কেজিতে লবঙ্গের দাম ১৫০ টাকা এবং জিরার দাম ১৪০ টাকা বেড়েছে।

আজ প্রতি কেজি প্যাকেটজাত পোলাওয়ের চাল ২৩০ টাকা এবং খোলা পোলাওয়ের চাল মানভেদে ১৬০ থেকে ১৬৫-১৮০ টাকায় বিক্রি হচ্ছে। ছোট মসুর ডাল প্রতি কেজি ১৪০ থেকে ১৫০ টাকা, মোটা মসুর ডাল ৯০ টাকা, বড় মুগ ডাল ১৪০ টাকা, ছোট মুগ ডাল ১৭০ টাকা, খেসারির ডাল ৮৫ টাকা, বুটের ডাল ১২০ টাকা, ছোলা ১২০ টাকা এবং মাষকলাইয়ের ডাল ২০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

এ ছাড়া প্রতি লিটার বোতলজাত সয়াবিন তেলের দাম ২০৪ টাকা। খোলা সয়াবিন তেল প্রতি কেজি ২০৫ টাকা এবং খোলা সরিষার তেল প্রতি লিটার ২২০ টাকায় বিক্রি হচ্ছে। কৌটাজাত ও খোলা ঘি প্রতি কেজি ১ হাজার ৪০০ টাকা, প্যাকেটজাত ও খোলা চিনি ১১০ টাকা কেজি, দুই কেজির প্যাকেট ময়দা ১৭০ টাকা এবং দুই কেজির প্যাকেট আটা ১৪০ টাকায় বিক্রি হচ্ছে। মসলার মধ্যে প্রতি কেজি এলাচ ৫ হাজার ৪০০ টাকা, দারুচিনি ৫০০ টাকা, লবঙ্গ ১৫৫০টাকা, সাদা গোলমরিচ ১ হাজার ৩০০ টাকা, কালো গোলমরিচ ১ হাজার ৩০০ টাকা, জিরা ৬৪০ টাকা, কাজুবাদাম ১ হাজার ৪০০ টাকা এবং কাঠবাদাম ১৫০০ টাকায় বিক্রি হচ্ছে।

কচুয়া প্রেসক্লাবের গুণীজন

খোরশেদ আলম সিকদার, সাংবাদিক সাইফুল মিজান, মাওলানা আবু হানিফ নোমান, নবদিগন্ত সম্পাদক সাংবাদিক শাহাদাত হোসেন মুন্সী প্রমুখ।

কচুয়া প্রেসক্লাবের উদ্যোগে আয়োজিত এ সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে এলাকার মেধাবী শিক্ষার্থী, শিক্ষক, ডাক্তার, হসপিটাল মালিক, মুক্তিযোদ্ধা ও জুলাইযোদ্ধাসহ গুণীজনদের সম্মাননা জানানো হয়। কচুয়া প্রেসক্লাবের সেক্রেটারি দৈনিক নয়া দিগন্তের কচুয়া প্রতিনিধি প্রফেসর এমদাদ উল্লাহ পরিচালনায় পবিত্র কুরআনুল হাকিম থেকে তেলাওয়াত করেন নব দিগন্ত পত্রিকার জেলা প্রতিনিধি মাওলানা হোসাইন শহীদ, গীতা পাঠ করেন রাজীবচন্দ্র। গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কচুয়া প্রেসক্লাব সভাপতি আতাউল করিম। আলোচনা সভা, গুণীজন সংবর্ধনা, মধ্যাহ্নভোজ ও দোয়া মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

মোহনপুরে নৈরাজ্য

শেষ হয়। পরে সেখানে সন্ত্রাস প্রতিরোধ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মোহনপুর ইউনিয়ন সন্ত্রাস প্রতিরোধ কমিটির আহ্বায়ক মোঃ নুরুজ্জামানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা সন্ত্রাস প্রতিরোধ কমিটির আহ্বায়ক, মতলব উত্তর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও জেলা বিএনপির সদস্য আলমগীর সরকার।

সমাবেশে বক্তব্য দেন মতলব উত্তর উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি এসএম জাহাঙ্গীর আলম প্রধান, সহ-সভাপতি আব্দুল গণি তপাদার, সাংগঠনিক সম্পাদক তোফায়েল পাটোয়ারী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আরিফ উল্লাহ মুন্সী, মফিজুল ইসলাম, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক নুরুল হুদা ফয়েজী, সদস্য সচিব জয়নাল পাটোয়ারী পিনু এবং উপজেলা শ্রমিক দলের সভাপতি আব্দুল মালেক মোল্লা।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের সাবেক সহ-সভাপতি বশির আহমেদ মোল্লা, যুবদলের সদস্য ফয়েজ আহমেদ, মোহনপুর ইউনিয়ন যুবদলের সভাপতি কবির তপাদার, সাংগঠনিক সম্পাদক সুমন বেপারী, প্রচার সম্পাদক এনামুল হক, মোহনপুর ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সোহেল রানা তালহা, সহ-সভাপতি আজহারুল ইসলাম বাবু এবং ছেংগারচর সরকারি কলেজ ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক রোমানসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

সমাবেশে বক্তারা দেশের শান্তি, শৃঙ্খলা ও স্থিতিশীলতা বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন এবং নৈরাজ্য, অগ্নিসন্ত্রাস ও জননিরাপত্তা বিঘ্নিত করার যেকোনো অপচেষ্টার বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

খোলা বাজারে ১৩০

অন্যদিকে আমদানির জন্য ডলার বিক্রি হচ্ছে সর্বোচ্চ ১২৫ টাকা ৩০ পয়সা পর্যন্ত দরে।

সংশ্লিষ্টদের মতে, জ্বালানি আমদানিতে ব্যয় বৃদ্ধি, বিদেশি বিনিয়োগ কমে যাওয়া এবং রপ্তানি আয়ে প্রত্যাশিত গতি না থাকায় বৈদেশিক মুদ্রার বাজারে চাপ তৈরি হয়েছে। এসব কারণে বাজারে ডলারের সরবরাহ ও চাহিদার মধ্যে ভারসাম্যহীনতা দেখা দিয়েছে।

এদিকে বিদেশগামী যাত্রীদের যাতায়াত কমে যাওয়ায় নগদ ডলারের সরবরাহও কমেছে। ফলে খোলা বাজারে ডলারের সংকট আরও প্রকট হয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

মানী এক্সচেঞ্জ ব্যবসায়ীরা জানান, ব্যাংকে গিয়ে অনেক গ্রাহক চাহিদা অনুযায়ী নগদ ডলার পাচ্ছেন না। এ কারণে তারা খোলা বাজারের মানী চেঞ্জারগুলোর ওপর নির্ভরশীল হয়ে পড়েছেন। হঠাৎ নগদ ডলারের চাহিদা বেড়ে যাওয়ায় বাজারে দাম বৃদ্ধির চাপ তৈরি হয়েছে।

শাহরাস্তিতে দারুল কোরআন

থেকে ৬ নং) পাঠ, সুমাইয়া ইসলামের মাসআলা পরিবেশনা, আয়েশা আক্তারের বাংলা বক্তব্য, মো. আব্দুল্লাহ রায়হানের বাংলা কবিতা, ইব্রাহিম খলিলের বাংলা বক্তব্য, আদিবা আয়াতের বাংলা কবিতা, জান্নাতুল আলিয়ার ইংরেজি বক্তব্য এবং মো. রাফসানের আরবি বক্তব্য। এ ছাড়া আবরার, সাইফান ও ফাহিম তিন ভাষায় সুরা ফাতিহা তিলাওয়াত করে এবং দ্বীন ইসলাম বক্তব্য উপস্থাপন করেন।

অনুষ্ঠানে প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন উবাহু ইবনে বশর (রহ.) মাদরাসার প্রতিষ্ঠাতা ও পরিচালক হাফেজ মাওলানা মতিউর রহমান এবং সভাপতিত্ব করেন মাদরাসার সভাপতি জনাব মো. জাকির হোসেন মাস্টার।

অনুষ্ঠানে অতিথি ও বিশিষ্টজনদের মধ্যে বক্তব্য দেন দারুল কারীম আল ইসলামিয়া মাদরাসার পরিচালক প্রধান মাওলানা সাব্বির আহমেদ ওসমানী, চট্টগ্রাম ইসলামিয়া ইউনিভার্সিটির শিক্ষার্থী ও প্রতিষ্ঠাতার ছেলে জনাব মো. নিয়ামত উল্লাহ, বিশিষ্ট সমাজসেবক কাজী জাহাঙ্গীর, মো. বেলাল হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল আউয়াল, মাদরাসার প্রধান শিক্ষক ও পরিচালক হাফেজ শেখ ফরিদ, আল মানারাত ইসলামিয়া একাডেমি, হাজীগঞ্জের পরিচালক মাওলানা শামসুল আলম, মেম্বার জয়নাল আবেদীন, অভিভাবক অতিথি মাওলানা মাসুম বিল্লাহ, ইতালি প্রবাসী ফয়েজ আহমেদ।

বক্তারা শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি নৈতিক ও আদর্শ মানুষ হিসেবে গড়ে ওঠার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে শিক্ষার্থীদের ছবক প্রদান করা হয়।

সবশেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ, দোয়া ও মোনাজাত এবং খাবার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

কেন দ্রুত বাড়ছে মুসলিম জনসংখ্যা

দিগন্ত ডেস্ক

বিশ্বে মুসলিম জনসংখ্যা দ্রুত বাড়ার পেছনে প্রধানত পাঁচটি কারণ রয়েছে। এগুলো হলো–মুসলিম জনগোষ্ঠীর তুলনামূলক কম বয়স, সন্তান জন্মদানের উচ্চ হার, মৃত্যুহার ও গড় আয়ুর পরিবর্তন, ধর্মীয় পরিচয় পরিবর্তন এবং অভিবাসন। এসব কারণে আগামী কয়েক দশকে মুসলিমদের সংখ্যা খ্রিষ্টানদের ছাড়িয়ে যেতে পারে।

যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান পিউ রিসার্চ সেন্টারের এক পূর্বাভাসে এমন তথ্য উঠে এসেছে।

গবেষণা অনুযায়ী, ২০৩৫ সালের মধ্যে বিশ্বে মুসলিমের সংখ্যা দাঁড়াতে পারে ২৫৭ কোটি। একই সময়ে খ্রিষ্টানদের সংখ্যা হতে পারে ২৫২ কোটি। এর মধ্য দিয়ে মুসলিমরা বিশ্বের বৃহত্তম ধর্মীয় জনগোষ্ঠীতে পরিণত হতে পারে। ২০৭০ সালে বিশ্বের মোট জনসংখ্যার ৩৫ দশমিক ৮ শতাংশ হবে মুসলিম। বিপরীতে খ্রিষ্টানদের অনুপাত দাঁড়াতে পারে ২৯ দশমিক ১ শতাংশে।

কম বয়সি জনগোষ্ঠী ও বেশি সন্তান জন্মদানের হার

পিউ রিসার্চ সেন্টারের গবেষণায় বলা হয়েছে, আলোচনায় থাকা ধর্মীয় জনগোষ্ঠীগুলোর মধ্যে মুসলিমদের গড় বয়স সবচেয়ে কম। ২০২০ সালে মুসলিমদের প্রায় এক-তৃতীয়াংশের বয়স ছিল ১৫ বছরের নিচে। আগামী কয়েক দশকেও মুসলিমরা সবচেয়ে কম বয়সি ধর্মীয় জনগোষ্ঠী হিসেবে থাকবে বলে ধারণা করা হচ্ছে।

জনসংখ্যা বৃদ্ধিতে এই বয়সকাঠামো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কারণ, মুসলিম জনগোষ্ঠীতে সন্তান জন্মদানের বয়সি নারীর সংখ্যা তুলনামূলক বেশি। ফলে ভবিষ্যতে সন্তান জন্মদানের সম্ভাবনাও বেশি থাকবে।

গবেষণার তথ্য অনুযায়ী, ২০২০ থেকে ২০২৫ সাল পর্যন্ত মুসলিম নারীদের গড় সন্তান জন্মদানের হার ছিল ৩ দশমিক ১। একই সময়ে খ্রিষ্টান নারীদের ক্ষেত্রে এই হার ছিল ২ দশমিক ৫। অর্থাৎ মুসলিম নারীদের সন্তান জন্মদানের হার খ্রিষ্টান নারীদের তুলনায় বেশি।

গড় আয়ু বাড়ার প্রভাব

মৃত্যুহার ও মানুষের গড় আয়ুর পরিবর্তনও জনসংখ্যা বৃদ্ধিতে ভূমিকা রাখছে। গবেষণার পূর্বাভাস অনুযায়ী, সব ধর্মীয় জনগোষ্ঠীর মানুষের গড় আয়ু বাড়বে। তবে মুসলিমদের ক্ষেত্রে এই বৃদ্ধি তুলনামূলক বেশি হবে।

মুসলিমদের গড় আয়ু ৬৮ বছর থেকে বেড়ে ৭৭ বছর হতে পারে। অন্যদিকে খ্রিষ্টানদের গড় আয়ু ৭১ বছর থেকে বেড়ে ৭৭ বছর হওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। অর্থাৎ মুসলিমদের গড় আয়ু বৃদ্ধির হার তুলনামূলক বেশি হওয়ায় জনসংখ্যা বৃদ্ধিতে এর প্রভাব পড়তে পারে।

ধর্মীয় পরিচয় পরিবর্তনের প্রভাব

ধর্মীয় পরিচয় পরিবর্তনও মুসলিম ও খ্রিষ্টান জনগোষ্ঠীর সংখ্যাগত ব্যবধান বাড়াতে পারে। গবেষণায় দেখা গেছে, মুসলিম ও হিন্দুদের তুলনায় খ্রিষ্টানদের ধর্ম ছেড়ে যাওয়ার প্রবণতা বেশি।

তবে ভবিষ্যতে ধর্মীয় পরিচয় পরিবর্তনের এই প্রবণতা বদলে যেতে পারে। যেসব দেশে বর্তমানে ধর্মীয় পরিচ